আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

এ হলো গায়েবী সংবাদ, যা আমি আপনাকে পাঠিয়ে থাকি। আর আপনি তো তাদের কাছে ছিলেন না, যখন প্রতিযোগিতা করছিল যে, কে প্রতিপালন করবে মারইয়ামকে এবং আপনি তাদের কাছে ছিলেন না, যখন তারা ঝগড়া করছিলো।

সূরা আল ইমরান ৪৪

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ২৫ মে ২০২৬ ॥ ০৭ জিলহজ্জ ১৪৪৭ ॥ ১১ জ্যৈষ্ঠ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৬১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

পবিত্র হজের আনুষ্ঠানিকতা শুরু আজ

কীর্তনখোলা ডেস্ক

সৌদি আরবে পবিত্র হজের আনুষ্ঠানিকতা শুরু হচ্ছে আজ সোমবার। সকাল থেকে মিনায় অবস্থানের ২ এর পাতায় দেখুন

অনলাইন জুয়া প্রতিরোধে আধুনিক আইন প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে: স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

জুয়া, বেটিং ও অনলাইন জুয়া প্রতিরোধে একটি সম্পূর্ণ নতুন, যুগোপযোগী ও আধুনিক আইন প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে ২ এর পাতায় দেখুন

বাজেট যেন দুর্নীতি ও লুটপাটের হাতিয়ার না হয়: গোলাম পরওয়ার

কীর্তনখোলা ডেস্ক

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, 'বাজেট যেন দুর্নীতি ও লুটপাটের ২ এর পাতায় দেখুন

জাল সনদে চাকরি: আরও ১১৭ শিক্ষককে শোকজ

কীর্তনখোলা ডেস্ক

সনদ জাল বা ভুয়া বলে চিহ্নিত হওয়া আরও ১১৭ শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছেন ২ এর পাতায় দেখুন

নলছিটি ও মঠবাড়িয়ায় যুবদল নেতাসহ ৩ জনকে কুপিয়ে হত্যা

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটি ও পিরোজপুরের মঠবাড়িয়ায় যুবদল নেতাসহ তিনজনকে কুপিয়ে হত্যা করা হয়েছে। নলছিটিতে আমিনুল ইসলাম বাবু (২৭) নামের এক যুবককে কুপিয়ে হত্যার পর মরদেহ পুকুরে ফেলে রাখার অভিযোগ পাওয়া গেছে। রোববার (২৪ মে) দুপুরে উপজেলার নাচনমহল ইউনিয়নের কুড়ালিয়া এলাকার একটি পুকুর থেকে তাঁর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। নিহত আমিনুল ইসলাম বাবু উপজেলার নাচনমহল ইউনিয়নের আলমগীর হোসেন তালুকদারের ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে, শনিবার (২৩ মে) রাত ৯টার দিকে আমিনুল বাড়ি থেকে বের হন। এরপর তিনি আর বাড়ি ফেরেননি। রোববার বেলা ২টার দিকে স্থানীয় বাসিন্দারা নাচনমহল ইউনিয়নের কুড়ালিয়া গ্রামের কৃষ্ণকান্ত রায়ের বাড়ির পুকুরে একটি মরদেহ ভাসতে দেখে পুলিশে খবর দেন। খবর পেয়ে নলছিটি থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে। পুলিশ সূত্রে জানা গেছে, উদ্ধারকালে মরদেহের মাথা, পেটসহ শরীরের বিভিন্ন স্থানে ধারালো অস্ত্রের আঘাত ও কোপের চিহ্ন পাওয়া গেছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, দুর্বৃত্তরা তাঁকে কুপিয়ে হত্যা করার পর মরদেহ পুকুরে ফেলে রেখে যায়। নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুল আলম বলেন, মরদেহের শরীরের বিভিন্ন স্থানে একাধিক কোপের চিহ্ন রয়েছে। প্রাথমিক সুরতহাল প্রতিবেদনে এটি পরিকল্পিত হত্যাকাণ্ড বলে মনে হচ্ছে। মরদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। এ বিষয়ে পরবর্তী আইনি কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। অপরদিকে পিরোজপুরের মঠবাড়িয়ায় পৃথক স্থানে মাত্র কয়েক ঘণ্টার ২ এর পাতায় দেখুন

হামের উপসর্গে আরও ১৬ শিশুর মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

দেশে হাম রোগের উপসর্গ নিয়ে আরও ১৬ শিশুর মৃত্যু হয়েছে। তবে নতুন করে কেউ নিশ্চিত হামে মারা যায়নি। এ নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৫২৮ জনে। রোববার (২৪ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। শনিবার (২২ মে) সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা পর্যন্ত দেশের হাম-সংক্রান্ত পরিস্থিতির বিষয়ে প্রতিবেদনে জানানো হয়, এ সময়ে ২ এর পাতায় দেখুন

বরিশাল সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে 'শিশু কল্যাণে বাজেট সংলাপ শীর্ষক অনুষ্ঠানে বক্তব্য রাখেন নির্বাহী কর্মকর্তা রেজাউল বারী -কীর্তনখোলা

শেবাচিমে ইন্টার্ন চিকিৎসকদের সঙ্গে রোগীর স্বজনদের হাতাহাতি, কর্মবিরতি

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে রোগীর মৃত্যুকে কেন্দ্র করে ইন্টার্ন চিকিৎসক ও রোগীর স্বজনদের মধ্যে হাতাহাতি ও মারধরের ঘটনা ঘটেছে। এ ঘটনার প্রতিবাদে ও নিরাপত্তা চেয়ে রোববার দুপুর থেকে কর্মবিরতি শুরু করেছেন ইন্টার্ন চিকিৎসকরা। শনিবার রাতে হাসপাতালের চতুর্থ তলার সার্জারি ওয়ার্ডে রোগীর মৃত্যুর কেন্দ্র করে হাসপাতালে উত্তেজনা ছড়িয়ে পড়ে। ইন্টার্ন চিকিৎসকরা জানান, রাতে সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়ে হাসপাতালে ২ এর পাতায় দেখুন

শিশুদের জন্য বরাদ্দ বাড়ানোর দাবি বাজেট সংলাপে

কীর্তনখোলা রিপোর্ট

শিশুদের স্বাস্থ্য, শিক্ষা, নিরাপত্তা ও বিনোদন নিশ্চিত করতে স্থানীয় সরকারের বাজেটে শিশুবান্ধব বরাদ্দ বাড়ানোর দাবি জানানো হয়েছে। এ ছাড়া নগর এলাকায় শিশুদের জন্য নিরাপদ পরিবেশ ও মানসম্মত সেবা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন বক্তারা। রোববার সকাল সাড়ে ৯টায় বরিশাল সিটি করপোরেশনের সম্মেলনকক্ষে 'শিশু কল্যাণে বাজেট সংলাপ২০২৬' শীর্ষক অনুষ্ঠানে এসব কথা বলা হয়। বরিশাল ২ এর পাতায় দেখুন

ঈদের আগে রেমিট্যান্সে বড় উত্থান, ২৩ দিনে এলো প্রায় ৩ বিলিয়ন ডলার

কীর্তনখোলা ডেস্ক

পবিত্র ঈদুল আজহা সামনে রেখে দেশে রেমিট্যান্স প্রবাহে বড় ধরনের উত্থান দেখা গেছে। চলতি (মে মাস) মাসের প্রথম ২৩ দিনে বৈধ ব্যাংকিং চ্যানেলে এসেছে প্রায় ৩ বিলিয়ন মার্কিন ডলারের প্রবাসী আয়। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, এই সময়ে মোট রেমিট্যান্স এসেছে ২৯৭ কোটি ৬০ লাখ ৫০ হাজার ডলার, যা গত বছরের একই সময়ের তুলনায় ৪১ দশমিক ৩১ শতাংশ বেশি। বাংলাদেশি মুদ্রা এর পরিমাণ প্রায় ৩৬ হাজার ৩০৭ কোটি ২০ লাখ টাকা। রোববার (২৪ মে) প্রকাশিত কেন্দ্রীয় ব্যাংকের হালনাগাদ তথ্যে দেখা গেছে, ২০২৫ সালের মে মাসের প্রথম ২৩ দিনে দেশে রেমিট্যান্স এসেছিল ২১০ কোটি ৬ লাখ ডলার। সেই তুলনায় চলতি বছর প্রবাসী ২ এর পাতায় দেখুন

নেই চলাচলের রাস্তা

কাঁধে ঝুলিয়ে হাসপাতালে নিতে দেরি হওয়ায় রোগীর মৃত্যু

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া উপজেলার পশ্চিম জলিরপাড় গ্রামে যাতায়াতের কোনো রাস্তা না থাকায় সঠিক সময়ে চিকিৎসা না পেয়ে মোনাই অধিকারী (৬০) নামের এক বৃদ্ধের মৃত্যুর ঘটনা ঘটেছে। বুধবার রাতে গুরুতর অসুস্থ হয়ে পড়লেও যাতায়াতের সুবিধা না থাকায় ওই রাতে তাকে হাসপাতালে নেওয়া সম্ভব হয়নি। পরদিন সকালে বাঁশ ও জালের সাহায্যে চাঙারি বানিয়ে কাঁধে ঝুলিয়ে দীর্ঘ দেড় কিলোমিটার পথ হেঁটে তাকে মূল সড়কে আনতে বাধ্য হন স্বজনরা। ওখান থেকে ভ্যানযোগে তাকে নিয়ে যাওয়া হয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে। পরে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেওয়া হয়। কিন্তু চিকিৎসায় দেরি হওয়ায় তাকে আর বাঁচানো সম্ভব হয়নি। নিহতের স্ত্রী রিনা অধিকারী জানান, রাতেই নেওয়ার ব্যবস্থা থাকলে হয়তো তাকে বাঁচানো যেত। এর আগে একই বাড়ির ব্রজেন হালদারের স্ত্রী

৯০ বছর বয়সী কুমুদিনী হৃদরোগে আক্রান্ত হলে তাকেও একইভাবে চিকিৎসাকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। এ ব্যাপারে মোনাইয়ের কাকা শ্বশুর সঞ্জয় হালদার বলেন, রাস্তা না থাকায় পরের দিন সকালে বাঁশে নেট বেঁধে অসুস্থ মোনাইকে কাঁধে ঝুলিয়ে বিভিন্ন মানুষের বাড়ির উঠান, জমির আইল, পানবরজ ও ঘেরের পাশ দিয়ে দেড় কিলোমিটার হেঁটে মূল সড়কে পৌঁছাই। এ ব্যাপারে পশ্চিম জলিরপাড় গ্রামের মালা হালদার ২ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় ঈদুল আজহা উপলক্ষ্যে হতদরিদ্রদের মাঝে চাল বিতরণ

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় উপজেলা প্রশাসনের উদ্যোগে পৌরসভাসহ উপজেলার বাকি ছয়টি ইউনিয়নে হতদরীদ্রদের মাঝে পবীত্র ঈদুল আজহা উপলক্ষে বিশেষ বরাদ্ধের চাল বিতরণ করা হয়। গতকাল রবিবার পৌর অডিটরিয়ামে বিতরণ কাজের উদ্বোধন করেন উপজেলা ও পৌর প্রশাসক ইউএনও মো. হাসিবুল হাসান। পৌরসভাসহ উপজেলার বাকি ছয়টি ইউনিয়নে মোট ১৪হাজার ৬৩৫জনের মধ্যে জন প্রতি ১০কেজি করে চাল বিনামূল্যে পর্যায়ক্রমে ২ এর পাতায় দেখুন

বরিশালে পৃথক সড়ক দুর্ঘটনায় সাতজন আহত

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল-ঢাকা মহাসড়কের এয়ারপোর্ট থানাধীন রহমতপুরের কাঁঠালতলা এলাকায় দুটি ট্রাকের মুখোমুখি সংঘর্ষে দুই চালক ও গৌরনদীর দক্ষিণ পালরদী এলাকায় যাত্রীবাহী মাইক্রোবাস ও কাভার্ডভ্যানের মুখোমুখী সংঘর্ষে নারী-শিশুসহ একই পরিবারের পাঁচজন গুরুত্বর আহত হয়েছেন। গৌরনদী ফায়ার সার্ভিস স্টেশনের স্টেশন অফিসার মিজানুর রহমান স্থানীয়দের বরাত দিয়ে জানিয়েছেন, রোববার (২৪ মে) সকাল সাড়ে দশটার দিকে মহাসড়কের গৌরনদীর দক্ষিণ পালরদী এলাকায় বরিশালগামী ২ এর পাতায় দেখুন

নেছারাবাদে ৪ পশুর হাটের খাজনা মওকুফ করলেন মন্ত্রী

নেছারাবাদ প্রতিনিধি

কোরবানির ঈদ সামনে রেখে পিরোজপুরের নেছারাবাদ উপজেলায় নির্ধারিত পাঁচটি পশুর হাটের মধ্যে চারটিরই ইজারা (খাজনা) মওকুফ করে দিয়েছেন গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী এবং পিরোজপুর-২ আসনের সংসদ সদস্য আহম্মদ সোহেল মনজুর। এই সিদ্ধান্তে উচ্ছ্বাস প্রকাশ করেছেন হাটে আসা ক্রেতা ও বিক্রেতারা। রোববার (২৪ মে) বিষয়টি নিশ্চিত করেছেন নেছারাবাদ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অমিত দত্ত। উপজেলায় নির্ধারিত পাঁচটি পশুর হাট হলো-স্বরূপকাঠি সরকারি পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয় মাঠ, শেহাংগল মাধ্যমিক বিদ্যালয় মাঠ, সুটিয়াকাঠি ইউনিয়ন মাধ্যমিক ২ এর পাতায় দেখুন

বরিশালবাসীকে জেলা জামায়াত আমিরের ঈদ-উল-আযহার শুভেচ্ছা

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য ও বরিশাল জেলা আমীর মাওলানা মোহাম্মদ আবদুল জব্বার বরিশালবাসীকে পবিত্র ঈদ-উল-আযহার শুভেচ্ছা জানিয়েছেন। রবিবার (২৪ মে) সংবাদমাধ্যমে পাঠানো এক বার্তায় তিনি এই শুভেচ্ছা জানান। বিবৃতিতে জেলা জামায়াতের আমীর বলেন, হযরত ইব্রাহিম (আঃ), তাঁর স্ত্রী হযরত হাজেরা এবং প্রিয় পুত্র হযরত ইসমাইল (আঃ)-এর স্মৃতিবিজড়িত পবিত্র ঈদুল আযহা আমাদের সামনে সমাগত। ঈদুল আযহা আমাদের ত্যাগ ও কুরবানির মহান আদর্শে উজ্জীবিত করে এবং মহান আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য সবকিছু উৎসর্গ করার চেতনা জাগ্রত করে। তিনি বলেন, সামাজিক বৈষম্য দূর করে শোষণমুক্ত ও ইনসাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় কুরবানির শিক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে ন্যায় ও ইনসাফ প্রতিষ্ঠার মাধ্যমে ইসলামকে পরিপূর্ণভাবে অনুসরণের আহ্বান জানান তিনি। তিনি আরো বলেন, জনগণের ভালোবাসায় সিক্ত সংগঠন বাংলাদেশ জামায়াতে ইসলামী এবং আমার পক্ষ থেকে আমি বরিশালবাসীসহ সকলের সুখ-সমৃদ্ধি, সুস্বাস্থ্য, নিরাপদ জীবন ও শান্তি কামনা করছি। সেই সাথে আমি সবাইকে আন্তরিকভাবে পবিত্র ঈদ-উল-আযহার শুভেচ্ছা ঈদ মোবারক জ্ঞাপন করছি।

বরিশাল জেলা প্রশাসন
শুভেচ্ছা বার্তা

ঈদ-উল-আযহা বাংলাদেশের ধর্মপ্রাণ জনগোষ্ঠীর অন্যতম প্রধান ধর্মীয় উৎসব। জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলার সর্বস্তরের মানুষকে আন্তরিক শুভেচ্ছা ও মোবারকবাদ।

মহিমান্বিত এই ঈদ পশু কুরবানীর মাধ্যমে আমাদের ত্যাগ, সহমর্মিতা, মানবতা ও আল্লাহভীতির মহানশিক্ষা দেয়। তাই ঈদের আনন্দ ধনী-গরিব নির্বিশেষে সবার মাঝে ছড়িয়ে পড়ুক আর পারস্পরিক সৌহার্দ্য, সম্প্রীতি ও ভ্রাতৃত্ববোধ আরও সুদৃঢ় হোক।

কোরবানির পশু জবাইয়ের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি ও পরিবেশগত সচেতনতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। নির্ধারিত স্থানে পশু কোরবানি সম্পন্ন করা এবং রক্ত, ভুঁড়ি ও অন্যান্য বর্জ্য নির্দেশনা অনুযায়ী নির্দিষ্ট স্থানে ফেলুন। সঠিক স্থানে বর্জ্য ফেলুন, পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখুন।

কোরবানির পশুর চামড়া দেশের একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সম্পদ। চামড়ার গুনগত মানের প্রতি বিশেষ যত্নবান হওয়া আমাদের জাতীয় দায়িত্ব। যথাযথ নিয়মে লবণ ব্যবহার করে চামড়া সংরক্ষণ এবং নির্ধারিত ক্রেতা বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয়ের মাধ্যমে জাতীয় অর্থনীতিতে অবদান রাখুন।

ঈদকে কেন্দ্র করে জাল নোট তৈরি, বহন ও ব্যবহারসহ প্রতারণামূলক কর্মকাণ্ড প্রতিরোধে সকলের সতর্ক থাকা প্রয়োজন। বিশেষ করে পশুর হাটে লেনদেনের সময় টাকা যাচাই করে গ্রহণ করা, সন্দেহজনক ব্যক্তি বা কার্যক্রম সম্পর্কে আইনশৃঙ্খলা বাহিনীকে অবহিত করুন এবং মোবাইল ব্যাংকিং বা ডিজিটাল লেনদেনে সতর্কতা অবলম্বন করুন ও আইনশৃঙ্খলা বাহিনীর সহায়তা নিন।

এছাড়া পশুর হাট ও জনসমাগমস্থলে আইনশৃঙ্খলা রক্ষা, যানজট নিরসন এবং নিরাপদ চলাচল নিশ্চিত করতে প্রশাসন সর্বদা তৎপর থাকবে। সকলের সহযোগিতায় একটি সুন্দর, পরিচ্ছন্ন, নিরাপদ ও আনন্দমুখর ঈদ উদযাপন সম্ভব।

পবিত্র ঈদ-উল-আযহা সবার জীবনে বয়ে আনুক শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ।

ঈদ মোবারক ও শুভেচ্ছান্তে

মো. খায়রুল আলম সুমন

জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট বরিশাল।

ফরিদপুর-বরিশাল মহাসড়কে বাস ও অ্যাম্বুলেন্সের সংঘর্ষ, নিহত ৫

কীর্তনখোলা ডেস্ক

ফরিদপুর-বরিশাল মহাসড়কের ফরিদপুরের নগরকান্দা উপজেলার শংকরপাশা এলাকায় বিআরটিসি বাস ও অ্যাম্বুলেন্সের মুখোমুখি সংঘর্ষে পাঁচজন নিহত হয়েছেন। নিহতদের সবাই অ্যাম্বুলেন্সের যাত্রী ছিলেন বলে জানা গেছে। রোববার (২৪ মে) সকাল সাড়ে ১০টার দিকে এ ঘটনা ঘটে। এখন পর্যন্ত নিহতদের নাম-ঠিকানা জানা যায়নি। হাইওয়ে পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, রোববার সকালে ঢাকা-বরিশাল মহাসড়কের ফরিদপুরের নগরকান্দা উপজেলার ডাঙ্গী ইউনিয়নের শংকরপাশা বাসস্ট্যান্ডে এই দুর্ঘটনা ঘটে। ভাঙ্গা থেকে ফরিদপুরগামী একটি যাত্রীবাহী বিআরটিসি বাসের সঙ্গে বিপরীতমুখী একটি অ্যাম্বুলেন্সের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে অ্যাম্বুলেন্সটি দুমড়ে-মুচড়ে যায় এবং ঘটনাস্থলেই ৫ জন ২ এর পাতায় দেখুন

দৈনিক **কীর্তনখোলা**

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

সুদের হার কমানো প্রয়োজন

দীর্ঘ সময় ধরে বাংলাদেশে উচ্চ মূল্যস্ফীতি বিরাজ করছে, অথচ মানুষের আয় বাড়ছে না। ফলে মানুষের দুর্ভোগ ক্রমেই বাড়ছে। পরিবারের খাদ্যের মান কমছে। পুষ্টির চাহিদা মেটানো যাচ্ছে না। আবার অপুষ্টিজনিত কারণে রোগ-ব্যাধিও বাড়ছে, যা প্রকারান্তরে মানুষকে আরো দরিদ্র করছে এবং মানুষের ক্রয়ক্ষমতা আরো কমাচ্ছে। আর মূল্যস্ফীতি প্রতিরোধে আমাদের নীতিনির্ধারকরা বাস্তব ও কার্যকর উদ্যোগ নিতে ব্যর্থ হচ্ছেন। তাঁরা একটিই পদক্ষেপ নিতে পেরেছেন, তা হলো নীতি সুদ হার বাড়িয়ে দেওয়া, যার ফলে ব্যাংকঋণের সুদের হার গিয়ে দাঁড়িয়েছে ১৫ থেকে ১৭ শতাংশে। এমন উচ্চ সুদে ঋণ নিয়ে লাভজনকভাবে ব্যবসা পরিচালনা প্রায় অসম্ভব। এটি প্রকারান্তরে মূল্যস্ফীতি আরো বাড়িয়ে দিয়েছে। কারণ এর ফলে বিনিয়োগ বাধাগ্রস্ত হচ্ছে, উৎপাদন ব্যাহত হচ্ছে, সরবরাহ শৃঙ্খল ব্যাহত হচ্ছে এবং বাজারের ওপর চাপ সৃষ্টি করছে। অন্তর্বর্তী সরকারের দেড় বছরে বাংলাদেশ ব্যাংক তিন দফায় নীতি সুদ হার বাড়িয়ে ১০ শতাংশ করেছে। আর সে কারণে ব্যাংকঋণের সুদহার দ্রুত বেড়েছে। অর্থনীতিবিদ ও ব্যবসায়ীরা দেশের ব্যবসা-বাণিজ্য, শিল্প-কারখানায় তার নেতিবাচক প্রভাব তুলে ধরে বারবার নীতি সুদ হার কমানোর দাবি তুলেছেন। কিন্তু বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর তা আমলেই নেননি। এই সরকারও সেই একই ধারা অবলম্বন করে চলেছে। অথচ বিশ্ব এখন নিম্নমুখী সুদহারের সময়ে প্রবেশ করেছে। বিগত এক বছরে উন্নত বিশ্বের সব কেন্দ্রীয় ব্যাংক এবং অনেক উন্নয়নশীল দেশের কেন্দ্রীয় ব্যাংকও নীতি সুদ হার উল্লেখযোগ্য হারে কমিয়েছে। যেমনড়বাংলাদেশের প্রধান দুই প্রতিদ্বন্দ্বী দেশ ভিয়েতনাম ও ইন্দোনেশিয়ায়ও নীতি সুদ হার ২.৭৫ থেকে ৫.২৫ শতাংশের মধ্যে। বিশ্ব যখন নিম্নমুখী সুদহারের সময়ে, তখন আমাদের এমন অনমনীয় মনোভাব কেন? প্রকাশিত বিশেষ লেখায় বলা হয়, আওয়ামী সরকার একমাত্র সুদের হার বাড়িয়ে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের কৌশল নিয়েছিল। ইউনূসের অন্তর্বর্তী সরকার এসে সুদের হার আরো বাড়িয়েছে। বিএনপি সরকারও আগের ধারায়ই চলছে। এতে ব্রিটিশ অর্থনীতিবিদ ও কেমব্রিজ ইউনিভার্সিটির অধ্যাপক ক্যারোলিন এলভিসের একটি নিবন্ধ থেকে দেওয়া উদ্ধৃতিতে বলা হয়, একমাত্র সুদহার বাড়িয়ে কোনোভাবেই মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করা যায় না। কারণ মূল্যস্ফীতি হওয়ার ভিন্ন ভিন্ন কারণ রয়েছে। ওই সব কারণ একটিমাত্র উপায়ে সমাধান সম্ভব নয়। গত ফেব্রুয়ারিতে এলপি গ্যাসের ১২ কেজি সিলিন্ডারের দাম ছিল এক হাজার ৩৫৬ টাকা। মধ্যপ্রাচ্য পরিস্থিতির কারণে সরকার দুই দফা বাড়িয়ে দাম নির্ধারণ করেছে এক হাজার ৯৪০ টাকা। এমন মূল্যস্ফীতি সুদহার দিয়ে কি কমানো যাবে? গ্যাস-বিদ্যুতের কারণে উৎপাদন ব্যাহত হচ্ছে, প্রতি ইউনিট উৎপাদন খরচ বেড়ে যাচ্ছে। ডলারের বিপরীতে টাকার অবমূল্যায়ন ও পরিবহন খরচ বেড়ে যাওয়ায় কাঁচামাল আমদানির খরচ বাড়ছে, উৎপাদন ব্যয় বাড়ছে। ফলে মূল্যস্ফীতিও বাড়ছে। বাজারব্যবস্থা, গুদামজাতের অসুবিধা, সরবরাহ ব্যাহত হওয়া, চাঁদাবাজি, মধ্যস্বত্বভোগীদের উৎপাত, বাজারে নিয়ন্ত্রণের অভাবসহ আরো অনেক কারণে দাম বাড়ে। শুধু সুদহার বাড়িয়ে তা নিয়ন্ত্রণ করা যায় না। আমরা আশা করি, সরকার দ্রুত এ ব্যাপারে কার্যকর ব্যবস্থা নেবে।

জাল সনদে চাকরি

মাদ্রাসার ১১৪ জন এবং কলেজ পর্যায়ের ২৪ জন শিক্ষক। নোটিশে কেন তাঁদের এমপিও (বেতন-ভাতা বাবদ মাসিক অনুদান) বাতিল বা স্থগিত, নিয়োগ বাতিল এবং অন্যান্য প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে না, সে বিষয়ে ১০ কর্মদিবসের মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে। রোববার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর পৃথকভাবে এ কারণ দর্শানোর নোটিশ দিয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সংস্থা পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ) এসব শিক্ষকের সনদ জাল বা ভুয়া বলে চিহ্নিত করেছিল। এর ভিত্তিতে এ বিষয়ে ব্যবস্থা নিতে সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ে তালিকাসহ সুপারিশ পাঠায় ডিআইএ। পরে মন্ত্রণালয় বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট দপ্তরগুলোকে চিঠি দেয়। এখন সে অনুযায়ী ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। এর আগে গত শনিবার মাউশি প্রথম ধাপে ৬৩ জন শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ দেয়। সম্প্রতি ডিআইএ দুই দফায় মোট ৭৩৩ জন শিক্ষকের সনদ জাল চিহ্নিত করে। এর মধ্যে স্কুল ও কলেজ পর্যায় ৪৭১ জনের তালিকা গত ১৬ এপ্রিল শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগে পাঠিয়ে তাদের বিরুদ্ধে চূড়ান্ত ব্যবস্থা নেওয়ার সুপারিশ করা হয়। এর মধ্যে মাধ্যমিক পর্যায়ের ৪০২ জন, কলেজ পর্যায়ের ৬৪ জন ও কারিগরি পর্যায়ের ৫ জন শিক্ষক রয়েছেন। এ ছাড়া গত ২৭ এপ্রিল মাদ্রাসা ও কারিগরি বিভাগে ২৬২ জন জাল সনদধারী তথ্য পাঠিয়ে একই সুপারিশ করে সংস্থাটি। ২৬২ জনের মধ্যে ২৫১ জনের শিক্ষক নিবন্ধন সনদ ও বাকি ১১ জনের বিপিএড, বিএড বা গ্রন্থাগার বিষয়ের সনদ জাল।

বাজেট যেন দুর্নীতি ও

হাতিয়ার না হয় এবং এ জন্য সরকারকে সুস্পষ্ট দিকনির্দেশনা তুলে ধরতে হবে।' রোববার রাজধানীর পল্টনের ইকোনমিকস রিপোর্টার্স ফোরাম অডিটোরিয়ামে অর্থনৈতিক সাংবাদিকদের সঙ্গে 'জাতীয় বাজেট ভাবনা' শীর্ষক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন তিনি। বাজেটের আয়তন বাড়লেও জনগণের ভাগ্যের, জীবনমানের উন্নয়ন হয়নি মন্তব্য করে মিয়া গোলাম পরওয়ার বলেন, স্বাধীন বাংলাদেশের প্রথম বাজেট ছিল ৭৮৬ কোটি টাকা। সেই বাজেট ক্রমেই বাড়তে বাড়তে আসন্ন বাজেট ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকা নির্ধারণ করা হচ্ছে। কিন্তু স্বাধীনতার ৫৫ বছরে বাজেটে জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেনি। বরং কখনো কখনো দেখা গেছে বাজেট ছিল লুটপাটের হাতিয়ার। জামায়াত সেক্রেটারি বলেন, 'সামাজিক ও অর্থনৈতিক পরিবর্তনের মূল ভিত্তি হলো শিক্ষা। আয় বৃদ্ধি, দুর্নীতি কমানো ও কর্মসংস্থান তৈরির জন্য নৈতিকতা ও কর্মমুখী শিক্ষায় বিনিয়োগ বাড়ানো জরুরি। শিক্ষা খাতে বরাদ্দ বাড়ালে জনশক্তিকে দক্ষ জনসম্পদে রূপান্তর করা সম্ভব, যা ভবিষ্যতে বহুগুণ রিটার্ন দেবে।' এ কারণেই ইউনেসকো উন্নত দেশগুলোকে জিডিপির অন্তত ৬ শতাংশ শিক্ষা খাতে বিনিয়োগের পরামর্শ দেয় বলে উল্লেখ করেন তিনি। সভায় সভাপতির বক্তব্যে জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বলেন, তেলা মাথায় তেল দেওয়া বাজেট থেকে বেরিয়ে আসতে হবে। বাজেট হতে হবে সর্বজনীন। স্বাধীনতা পরবর্তী যতগুলো বাজেট হয়েছে সবগুলো ছিল ঋণ নির্ভর বাজেট। ঋণ নির্ভর বাজেটে অর্থনীতির গতি উন্নতির শিখরে পৌঁছাতে পারেনি। আযাদ আরও বলেন, জামায়াতে ইসলামী এমন একটি বাজেট চায়, যে বাজেটের মাধ্যমে জনগণের ট্যাক্সের প্রতিটি পয়সার সঠিক ব্যবহার নিশ্চিত হবে এবং জবাবদিহি ও স্বচ্ছতা থাকবে। ঋণের ওপর নির্ভরশীলতা হ্রাস করে অর্থনীতির চাকা সচল করতে হবে।

অনলাইন জুয়া প্রতিরোধে

রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার (২৪ মে) সচিবালয়ে গণমাধ্যম কেন্দ্রে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ) আয়োজিত 'বিএসআরএফ সংলাপে' তিনি এসব কথা বলেন। বিএসআরএফ সভাপতি মাসউদুল হকের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক উবায়দুল্লাহ বাদলের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্য অধিদপ্তরের প্রধান তথ্য কর্মকর্তা সৈয়দ আবদাল আহমদ। স্বরাষ্ট্রমন্ত্রী দেশের জন্য আরও একটি যুগান্তকারী আইনি উদ্যোগের ঘোষণা দিয়ে বলেন, ১৮৬৭ সালের মান্ধাতা আমলের জুয়া আইন বাতিল করে জুয়া, বেটিং ও অনলাইন জুয়া প্রতিরোধে যুগোপযোগী ও আধুনিক আইন প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। মন্ত্রী বলেন, আগামী সংসদ অধিবেশনেই এই আইনটি পাসের জন্য বিল আকারে পেশ করা হবে। মাদক আইনের সংস্কার এবং মামলার জট নিরসন প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী জানান, মামলার আধিক্য বিবেচনা করে বিশেষ 'মাদক ট্রাইব্যুনাল' গঠন করা হবে। পাসপোর্টে পরিবর্তনের বিষয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, আসন্ন নতুন পাসপোর্টগুলোতে পূর্বের ন্যায় 'এক্সেপ্ট ইসরাইল' শব্দগুচ্ছ পুনঃস্থাপন করা হবে। এটি দেশের সর্বস্তরের জনগণের প্রাণের দাবি ও বর্তমান সরকারের সুনির্দিষ্ট সিদ্ধান্ত।

পবিত্র হজের আনুষ্ঠানিকতা

মাধ্যমে এ কার্যক্রম শুরু হবে। এরই মধ্যে গতকাল ইহরাম পরে মিনার উদ্দেশে যাত্রা করেছেন হাজিরা। রোববার ধর্ম মন্ত্রণালয় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, মক্কায় বাংলাদেশ হজ অফিস ও সংশ্লিষ্ট হজ এজেন্সিগুলো অন্য দেশের মতো বাংলাদেশের হজযাত্রীদের মিনায় পাঠানোর সকল প্রস্তুতি সম্পন্ন করেছে। হজ করতে আগ্রহীদের মিনার উদ্দেশে যাত্রা করার মাধ্যমে শুরু হয় হজের আনুষ্ঠানিকতা। সামর্থ্য রয়েছে এমন নারী বা পুরুষের জীবনে একবার হজ পালন অবশ্যকরণীয়। শরিয়তের বিধান অনুসারে হাজিরা ৮ জিলহজ (সোমবার) মিনায় অবস্থান করে ফজর থেকে এশা পর্যন্ত পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করবেন। মিনায় রাত্রিযাপন শেষে ৯ জিলহজ (মঙ্গলবার) আরাফাতের উদ্দেশে রওনা হবেন তাঁরা। সেখানে এ বছর হজের খুতবা দেবেন মসজিদে নববীর প্রধান ইমাম ও খতিব শায়েখ আলি বিন আবদুল রহমান আল-হুদাইফি। খুতবার পর হাজিরা একসঙ্গে যোহর ও আসরের নামাজ আদায় করবেন। সূর্যাস্ত পর্যন্ত সেখানেই অবস্থান করবেন তারা। শরিয়তের বিধানানুসারে আরাফাতে অবস্থান করাই হজ। হাজিরা ৯ জিলহজ সূর্যাস্তের পর মুজদালিফার উদ্দেশে রওনা দেবেন। সেখানে মাগরিব ও এশার নামাজ শেষে উন্মুক্ত আকাশের নিচে রাত্রিযাপন করবেন। পর দিন ১০ জিলহজ সূর্যোদয়ের আগে মুজদালিফা থেকে মিনায় যাবেন এবং শুধু বড় জামারায় পাথর নিক্ষেপ করবেন হাজিরা। এরপর আল্লাহর সন্তুষ্টি অর্জনের আশায় পশু কোরবানি দেবেন এবং মাথা মুণ্ডন (ন্যাড়া) কিংবা চুল ছোট করবেন। ১১ ও ১২ জিলহজ হজের বাকি আনুষ্ঠানিকতা শেষে ১২ জিলহজ সূর্যাস্তের আগে মিনা ত্যাগ করবেন হাজিরা। এ বছর বিভিন্ন দেশ থেকে ১৬ থেকে ১৮ লাখ মুসলমান হজ পালন করবেন। বাংলাদেশ থেকে সাড়ে ৭৮ হাজার মানুষ হজ পালন করতে সৌদি আরব গিয়েছেন।

নেছারাবাদে ৪ পশুর হাটের

বিদ্যালয় মাঠ, চানমিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠ এবং উত্তর-পশ্চিম সোহাগদল বিদ্যালয় মাঠ। এর মধ্যে স্বরূপকাঠি সরকারি পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয় মাঠটির ইজারা আগে সম্পন্ন হওয়ায় সেটি ছাড়া বাকি চারটি হাটের খাজনা সম্পূর্ণ মওকুফ করা হয়েছে। উত্তর-পশ্চিম সোহাগদল পশুর হাটে আসা ক্রেতা মো. আবদুস সাত্তার বলেন, 'আগে গরু কিনতে এসে বাড়তি খাজনা দিতে হতো। এবার খাজনা মওকুফ হওয়ায় আমাদের অনেক সুবিধা হবে।' সুটিয়াকাঠি ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয় মাঠে গরু বিক্রি করতে আসা মো. ইব্রাহিম মিয়া বলেন, 'অতিরিক্ত খাজনার ভয়ে অনেক ক্রেতা হাটে আসতে চাইতেন না। এবার হাট অনেক জমজমাট হবে বলে আশা করছি।' গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রীর একান্ত সহকারী সচিব (এপিএস) মো. হুমায়ুন রশিদ জানান, সাধারণ মানুষের সুবিধার কথা চিন্তা করে মন্ত্রীর উদ্যোগে চারটি পশুর হাটের ইজারা মওকুফ করা হয়েছে। একটি হাটের ইজারা আগেই হয়ে যাওয়ায় সেটি মওকুফের আওতায় আনা সম্ভব হয়নি। ইউএনও অমিত দত্ত বলেন, এই সিদ্ধান্তের ফলে পশুর হাটগুলো আরও জমজমাট হবে এবং ক্রেতা-বিক্রেতারা স্বস্তিতে বেচাকেনা করতে পারবেন। নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মেহেদী হাসান জানান, প্রতিটি পশুর হাটে পুলিশ মোতায়েন করা হয়েছে। নিরাপদ ও সুশৃঙ্খল পরিবেশে কেনাবেচা নিশ্চিত করতে পুলিশ তৎপর রয়েছে।

বরিশালে পৃথক সড়ক

যাত্রীবাহী মাইক্রোবাস ও বিপরীতমুখী কাভার্ডভ্যানের মুখোমুখি সংঘর্ষে মাইক্রোবাসটি দুমড়ে-মুচড়ে যায়। খবর পেয়ে তাৎক্ষনিক ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করে স্থানীয় হাসপাতালে ভর্তি করেন। ?আহত পাঁচজনই বরগুনা জেলার বাসিন্দা বলে নিশ্চিত করেছে ফায়ার সার্ভিসের কর্মীরা। আহতদের মধ্যে একজন পুরুষ, দুইজন নারী এবং দুইজন শিশু রয়েছে। অপরদিকে মহাসড়কের বরিশালের এয়ারপোর্ট থানাধীন রহমতপুর ইউনিয়নের কাঁঠালতলা এলাকায় রবিবার সকাল সাড়ে সাতটার দিকে দুটি ট্রাকের মুখোমুখি সংঘর্ষে দুই চালক গুরুত্বর আহত হয়েছেন। স্থানীয় সূত্রে জানা গেছে, রহমতপুর এলাকা থেকে ইটভাটার ইটবোঝাই করে একটি ট্রাক বরিশালের দিকে যাচ্ছিলো। এ সময় বিপরীত দিক থেকে আসা একটি খালি ট্রাক কাঁঠালতলা এলাকায় পৌঁছলে দুটি ট্রাকের মধ্যে মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষে উভয় ট্রাকের সামনের অংশ দুমড়ে-মুচড়ে দুই চালক গুরুত্বর আহত হন। দুর্ঘটনার পর স্থানীয়রা আহত চালকদের উদ্ধার করে বরিশাল শের-ই বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতাল ভর্তি করেছেন।

ফরিদপুর-বরিশাল মহাসড়কে বাস

নিহত হন। ভাঙ্গা হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হেলালউদ্দিন বলেন, দুর্ঘটনার খবর পেয়ে নগরকান্দা উপজেলা ফায়ার সার্ভিস ও হাইওয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার কাজ শুরু করে। নিহতদের মরদেহ উদ্ধারের কাজ করেছে। প্রাথমিকভাবে তাদের নাম-ঠিকানা পাওয়া যায়নি।

ভাণ্ডারিয়ায় ঈদুল আজহা

বিতরণ করা হয়। এতে পৌরসভার ৯টি ওয়ার্ডে ৪হাজার ৬২৫জন নারী-পুরুষ এবং ১নম্বর ভিটাবাড়িয়া ইউনিয়নে ১হাজার৩৫৫জন, ২নম্বর নদমূলা শিয়ালকাঠী ইউনিয়নে ১হাজার ৪৭৮, ৩নম্বর তেলিখালী ইউনিয়নে ২হাজার ৬৬, ৪নম্বর ইকড়ি ইউনিয়নে ২হাজার ৬৪, ৫নম্বর ধাওয়া ইউনিয়নে ১হাজার ৫০৭ এবং ৭নম্বর গৌরীপুর ইউনিয়নে ১হাজার ৫৪০জনের মধ্যে বিতরণ করা হয়।

শিশুদের জন্য বরাদ্দ বাড়ানোর

সিটি করপোরেশনের শিশু ফোরাম ও যুব ফোরামের আয়োজনে এবং ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশের বরিশাল এরিয়া প্রোগ্রামের সহযোগিতায় এ সংলাপ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. রেজাউল বারী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিটি কর্পোরেশনের স্বাস্থ্য কর্মকর্তা ডা. খন্দকার মঞ্জুরুল ইমাম শুভ্র, নির্বাহী ম্যাজিস্ট্রেট রায়হানউজ্জামান, জনসংযোগ কর্মকর্তা আহসান উদ্দিন রুমেল ও প্রশাসনিক কর্মকর্তা স্বপন কুমার দাস। সংলাপে বক্তারা বলেন, শিশুদের শারীরিক ও মানসিক বিকাশে নিরাপদ নগর পরিবেশ গড়ে তোলা জরুরি। একই সঙ্গে শিশুদের মতামতকে গুরুত্ব দিয়ে স্থানীয় বাজেট প্রণয়নের আহ্বান জানান তাঁরা। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বরিশাল এরিয়া প্রোগ্রাম কো-অর্ডিনেশন অফিসের সিনিয়র ম্যানেজার স্টিফেন হালদার রুবেনসহ বিভিন্ন সামাজিক ও শিশু সংগঠনের প্রতিনিধিরা। সংলাপে শিশু ও যুব ফোরামের সদস্যরা শিশুদের জন্য খেলাধুলার মাঠ, নিরাপদ সড়ক, বিশুদ্ধ পানি, স্বাস্থ্যসেবা ও শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধির দাবি তুলে ধরেন। পরে অংশগ্রহণকারীদের মতামতের ভিত্তিতে শিশুবান্ধব নগর গঠনে বিভিন্ন সুপারিশ উপস্থাপন করা হয়।

হামের উপসর্গে

সন্দেহজনক হাম রোগে ১৬ জন মারা গেছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে ৮৬ জনের প্রাণ গেছে। একই সময়ে সন্দেহভাজন হামে প্রাণহানির সংখ্যা ৪৪২। এছাড়া, ১৫ মার্চের পর থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে আট হাজার ৬২২ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৬৩ হাজার ৮১৩। উল্লেখিত সময়ে হাম সন্দেহে হাসপাতালে ভর্তি করা হয়েছে ৫০ হাজার ৫৫৮ জনকে এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৪৬ হাজার ২১৪ জন। বিভাগভিত্তিক হিসাব অনুযায়ী, নিশ্চিত হামে সবচেয়ে বেশি ৫০ রোগী মারা গেছে ঢাকায়। এছাড়া, বরিশালে ১৯, চট্টগ্রামে ১০, সিলেটে তিন এবং ময়মনসিংহ ও রাজশাহীতে দুজন করে মৃত্যুবরণ করেছে। সন্দেহজনক হামেও সবচেয়ে বেশি ১৭৪ জনের মৃত্যু ঘটেছে ঢাকা বিভাগে। এরপর ৮০ জন মারা গেছে রাজশাহীতে। সেই সঙ্গে সিলেটে ৫০, চট্টগ্রামে ৪২, ময়মনসিংহে ৩৭, বরিশালে ৩২, খুলনায় ২১ ও রংপুরে ছয়জন প্রাণ হারিয়েছে।

ঈদের আগে রেমিট্যান্সে বড়

আয়ের প্রবাহ উল্লেখযোগ্য হারে বেড়েছে। সবশেষ ২৩ মে একদিনেই এসেছে ১৭ কোটি ৩৬ লাখ ডলারের রেমিট্যান্স। এদিকে, চলতি (২০২৫-২৬) অর্থবছরের ১ জুলাই থেকে ২৩ মে পর্যন্ত মোট আসা রেমিট্যান্স দাঁড়িয়েছে ৩ হাজার ২৩০ কোটি ৯ লাখ ডলারে। আগের অর্থবছরের একই সময়ে এর পরিমাণ ছিল ২ হাজার ৬৬৪ কোটি ৩৪ লাখ ডলার। অর্থাৎ, চলতি অর্থবছরে এখন পর্যন্ত রেমিট্যান্স প্রবৃদ্ধি হয়েছে ২১ দশমিক ২৬ শতাংশ। বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তারা বলছেন, বৈধ চ্যানেলে অর্থ পাঠাতে সরকারের প্রণোদনা, ব্যাংকিং খাতে আস্থা বৃদ্ধি ও ঈদ কেন্দ্র করে প্রবাসীদের বাড়তি অর্থ পাঠানোর প্রবণতার কারণে রেমিট্যান্স প্রবাহে ইতিবাচক ধারা বজায় রয়েছে। এর আগে গত এপ্রিল মাসে দেশে রেমিট্যান্স আসে ৩ দশমিক ২২ বিলিয়ন ডলার। মার্চ মাসে প্রবাসীরা পাঠান ৩ দশমিক ৭৫ বিলিয়ন ডলার, যা দেশের ইতিহাসে এক মাসে সর্বোচ্চ রেমিট্যান্স প্রবাহ। এছাড়া দ্বিতীয় সর্বোচ্চ রেমিট্যান্স এসেছিল গত বছরের মার্চে, ৩২৯ কোটি ৫৬ লাখ ডলার। তৃতীয় সর্বোচ্চ আসে একই বছরের ডিসেম্বরে। তখন প্রবাসী আয় ছিল ৩২২ কোটি ৬৬ লাখ ডলার। চলতি বছরের জানুয়ারিতে দেশে আসে ৩১৭ কোটি ডলার, যা চতুর্থ সর্বোচ্চ রেমিট্যান্স প্রবাহ হিসেবে বিবেচিত হচ্ছে।

কাঁধে ঝুলিয়ে হাসপাতালে নিতে

(৩০) ও গোলাপী হালদার (৫৫) জানান, বেশি ভোগান্তিতে পড়তে হয় বর্ষাকালে। পায়ে হাঁটা যায় না, নৌকাও চলে না। সন্তানসম্ভবা গৃহবধূরা অসুস্থ হয়ে পড়লে বেশি ভোগান্তিতে পড়তে হয়। ভোটের আগে অনেক প্রার্থীরা আমাদের যাতায়াতের জন্য রাস্তা করার প্রতিশ্রুতি দেয়। ভোটের পরে আর আমাদের সংবাদ নেয় না। এ ব্যাপারে বাকাল ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য পরিমল হালদার বলেন, ইউএনও স্যার বলেছেন মাটির কাজের জন্য বরাদ্দ নেই। আমরা স্থানীয়ভাবে মাটির কাজ করলে তিনি হেরিংবোন বন্ডের কাজ করে দেবেন। এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা লিখন বণিক সাংবাদিকদের বলেন, পশ্চিম জলিরপাড় গ্রামের যে রাস্তাটি হওয়ার প্রয়োজন, সে জায়গাটি সরেজমিন দেখে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে।

নলছিটি ও মঠবাড়িয়ায় যুবদল

ব্যবধানে দুই যুবককে কুপিয়ে হত্যা করা হয়েছে। রোববার (২৪ মে) দুপুরে উপজেলার টিকিকাটা ইউনিয়ন এবং ফুলঝুরি গ্রামে এ দুটি পৃথক হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। নিহতরা হলেন- ধানীসাফা ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ড ফুলজুরি গ্রামের নিহত মোহাম্মদ ইউসুফ শরীফ (৩৫)। অন্যজন হলেন- ৬ নম্বর টিকিকাটা ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের মাজু হাওলাদার বাড়ির বাসিন্দা ও পোশাক ব্যবসায়ী আব্দুল কাইয়ুম (৩০)। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, দুপুর ১২টার দিকে ধানীসাফা ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ড ফুলজুরি গ্রামে জমিজমা সংক্রান্ত পূর্ব বিরোধের জেরে মোহাম্মদ ইউসুফ শরীফকে পরিকল্পিতভাবে কুপিয়ে হত্যা করা হয়। অভিযোগ রয়েছে, পূর্ব শত্রুতার জেরে একই এলাকার আলমগীর শরীফের ছেলে মো. আরাফাত শরিফ (৩০), তার স্ত্রী ফাতেমা আক্তার (২৪) এবং অজ্ঞাতনামা আরও ২/৩ জন মিলে ধারালো দা দিয়ে ইউসুফের গলা, ডান হাতসহ শরীরের বিভিন্ন স্থানে এলোপাতাড়ি কুপিয়ে জখম করে। গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করা হলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এদিকে, উপজেলার ৬ নম্বর টিকিকাটা ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের মাজু হাওলাদার বাড়িতে নিজ শোবার ঘর থেকে আব্দুল কাইয়ুম নামে এক যুবকের ক্ষতবিক্ষত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। তিনি স্থানীয় সাধনা ব্রিজ ও বড় ব্রিজ এলাকায় কাপড়ের ব্যবসা করতেন। পারিবারিক সূত্রে জানা গেছে, কাইয়ুমের স্ত্রী বাবার বাড়িতে থাকায় দুপুরে তিনি ঘরে একাই ছিলেন। এ সুযোগে দুর্বৃত্তরা ঘরে ঢুকে শোবার ঘরে তাকে কুঠাল দিয়ে কুপিয়ে হত্যা করে ফেলে রেখে যায়। তবে এই হত্যাকাণ্ডের সুনির্দিষ্ট কারণ এখনও জানা যায়নি। একই দিনে পৃথক দুটি নৃশংস হত্যাকাণ্ডের খবর পেয়ে মঠবাড়িয়া থানা পুলিশ দ্রুত ঘটনাস্থল দুটি পরিদর্শন করে মরদেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পিরোজপুর জেলা হাসপাতাল মর্গে পাঠিয়েছে। মঠবাড়িয়া থানার ওসি রবিউল ইসলাম বলেন, ফুলজুরি গ্রামের হত্যাকাণ্ডটি জমিজমা বিরোধের জেরে ঘটেছে বলে প্রাথমিকভাবে নিশ্চিত হওয়া গেছে। অভিযুক্তদের গ্রেপ্তারে পুলিশের অভিযান চলছে। অন্যদিকে টিকিকাটা ইউনিয়নে কুঠার দিয়ে কুপিয়ে হত্যার রহস্য উদ্?ঘাটনে কাজ করছে পুলিশ। তিনি আরও বলেন, দুটি ঘটনার পরিপ্রেক্ষিতেই পৃথক মামলার প্রস্তুতি চলছে এবং এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

শেবাচিমে ইন্টার্ন চিকিৎসকদের সঙ্গে

ভর্তি হন একজন। কিছুক্ষণ পরই তার মৃত্যু হয়। এতে রোগীর স্বজনরা, চিকিৎসকদের ওপর চড়াও হন। তাদের হামলায় ৩ চিকিৎসক আহত হন। লাঞ্ছিত হন আরও বেশ কয়েকজন। এ ঘটনার প্রতিবাদে কর্মবিরতি শুরু করেন ইন্টার্ন চিকিৎসকরা। হাসপাতাল কর্তৃপক্ষ বলছে, বিষয়টি দ্রুত সমস্যা সমাধানের চেষ্টা করা হচ্ছে। ঘটনা তদন্তে গঠন করা হয়েছে কমিটি। তবে, কর্মবিরতিতে চিকিৎসা সেবায় তেমন একটা প্রভাব পড়েনি। শেবাচিমের সহকারী পরিচালক আব্দুল মোনায়েম সাদ বলেন, 'বিষয়টি সমাধানের চেষ্টা চলছে। কর্মবিরতিতে সেবা কার্যক্রম ব্যহত হচ্ছে না। চিকিৎসক ও মিড লেভেল চিকিৎসকরা দায়িত্ব পালন করছেন। এ ঘটনায় একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। দ্রুত সমস্যা সমাধান হবে। ঈদুল আজহাকে কেন্দ্র করে রোগীর চাপ এমনিতেই কিছুটা কম।'

জেলা প্রাথমিক শিক্ষা পদক-২০২৬

আগৈলঝাড়ার শ্রেষ্ঠ প্রধান শিক্ষক ও বিদ্যালয় নির্বাচিত

আগৈলঝাড়া প্রতিনিধি

প্রাথমিক শিক্ষা পদক-২০২৬ এ বরিশাল জেলায় শ্রেষ্ঠ ১২ ক্যাটাগরীর মধ্যে ৩টি বিষয়ে আগৈলঝাড়ায় শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, শ্রেষ্ঠ ইনস্ট্রাক্টর ও শ্রেষ্ঠ সরকারি প্রাথমিক বিদ্যালয় মনোনীত হয়েছে। প্রাথমিক শিক্ষা পদক-২০২৬ যাচাই-বাছাই কমিটির সভাপতি বরিশাল জেলা প্রশাসক মো. খায়রুল আলম সুমনের সভাপতিত্বে প্রাথমিক শিক্ষা পদক-২০২৬ ঘোষনা করা হয়। আরো উপস্থিত ছিলেন প্রাথমিক শিক্ষা পদক-২০২৬ যাচাই-বাছাই কমিটির সদস্য সচিব ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ মোস্তফা কামালসহ অন্যান্য কর্মকর্তারা। বরিশাল জেলায় শ্রেষ্ঠ প্রধান শিক্ষক মনোনীত হয়েছেন রাজিহার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জাহিদ হোসেন খান ও শ্রেষ্ঠ ইনস্ট্রাক্টর (ইউপিইটিসি) মনোনীত হয়েছেন বিপুল চন্দ্র মজুমদার ও শ্রেষ্ঠ সরকারী প্রাথমিক বিদ্যালয় মনোনীত হয়েছে উপজেলা সদরের আগৈলঝাড়া মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়। আগৈলঝাড়া মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মোস্তাফিজুর রহমান জানান, ১৯৭২ সালে প্রতিষ্ঠিত এই বিদ্যালয়টি ধারাবাহিকভাবে পরপর তিন বার বরিশাল জেলায় শ্রেষ্ঠ সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্বাচিত হয়েছে। এর পূর্বেও তিনবার জেলায় শ্রেষ্ঠ ও বিভাগে ১ বার শ্রেষ্ঠ বিদ্যালয় নির্বাচিত হওয়ার গৌরব অর্জন করেছিল।

বরিশাল-কুয়াকাটার সরু সড়ক ঝুঁকিপূর্ণ যাতায়াত

কীর্তনখোলা রিপোর্ট

পদ্মা সেতু চালুর পর দক্ষিণাঞ্চলের পথে গতি এসেছে। বেড়েছে যানবাহনের চাপ। কিন্তু সেই চাপ সামলানোর জন্য এখনও প্রস্তুত হয়নি ঢাকা-বরিশাল-কুয়াকাটা মহাসড়ক। স্বপ্নের সেতু পার হওয়া মাত্রই শুরু হয় দুঃস্বপ্নের পথ। সরু সড়ক, বিপজ্জনক বাঁক, মহাসড়কঘেঁষা বাজার, অবৈধ যানবাহন ও বেপরোয়া গতির কারণে এখানে প্রায় প্রতিদিনই দুর্ঘটনা ঘটছে। দীর্ঘদিনের অব্যবস্থাপনা আর বাড়তে থাকা যানবাহনের চাপে দক্ষিণাঞ্চলের এই গুরুত্বপূর্ণ মহাসড়ক ধীরে ধীরে 'মৃত্যুফাঁদে' পরিণত হচ্ছে। রোড সেফটি ফাউন্ডেশনের তথ্য অনুযায়ী, চলতি বছরের এপ্রিল মাসে দেশে ৪৬৩টি সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন ৪০৪ জন। আহত হয়েছেন ৭০৯ জন। এর মধ্যে বরিশাল বিভাগেই শতাধিক দুর্ঘটনায় প্রাণ গেছে প্রায় ৫০ জনের। দেশের মোট সড়ক দুর্ঘটনায় নিহতের প্রায় ১২ শতাংশই এ বিভাগের। এই রুটে যানবাহনের তুলনায় বাড়েনি মহাসড়কের সক্ষমতা। এক্সপ্রেসওয়ে থেকে ফরিদপুরের ভাঙ্গা পর্যন্ত ছয় লেনের এক্সপ্রেসওয়ে নির্মিত হয়েছে। তবে ভাঙ্গা থেকে বরিশাল হয়ে কুয়াকাটা পর্যন্ত প্রায় ২০৫ কিলোমিটার মহাসড়ক এখনো পুরোনো কাঠামোতেই রয়ে গেছে। সড়কটি কোথাও ১৮ ফুট, কোথাও ২৪ ফুট প্রশস্ত। এই সরু পথ দিয়েই প্রতিদিন ঝুঁকি নিয়ে চলছে হাজারও দূরপাল্লার যান। সড়ক ও জনপথ বিভাগের (সওজ) তথ্য অনুযায়ী, ঢাকা থেকে বরিশাল হয়ে কুয়াকাটার দূরত্ব প্রায় ২৯৩ কিলোমিটার। এর মধ্যে বরিশালের প্রবেশদ্বার ভুরঘাটা থেকে কুয়াকাটা পর্যন্ত রয়েছে ১৬৭ কিলোমিটার। সরু সড়ক ও ধীরগতির কারণে এই পথ পাড়ি দিতে সময় লাগে সাড়ে ৪ থেকে ৫ ঘণ্টা। বরিশাল বাস মালিক গ্রুপের সভাপতি মোশারাফ হোসেন পরিস্থিতির ভয়াবহতা তুলে ধরেন। তিনি বলেন, 'সত্তরের দশকের ১২ ফুট সড়ক ৫০ বছরে মাত্র ২৪ ফুট হয়েছে। কিন্তু যানবাহন বেড়েছে কয়েক শ গুণ। পদ্মা সেতু চালুর পর পরিস্থিতি আরও ভয়াবহ হয়েছে।' বরিশাল-কুয়াকাটা মহাসড়কের সবচেয়ে ঝুঁকিপূর্ণ অংশ পটুয়াখালীর শাখারিয়া থেকে বরগুনার আমতলীর বান্দ্রা পর্যন্ত। এই ৩৭ কিলোমিটার এলাকার মধ্যে রয়েছে অন্তত ১৭টি তীক্ষ্ণ বাঁক। স্থানীয় চালকরা জানান, এসব বাঁকের এক পাশ থেকে অন্য পাশ দেখা যায় না। শাখারিয়া, কেওয়াবুনিয়া, মহিষকাটা, আমড়াগাছিয়া, খুড়িয়ার খেয়াঘাট, মানিকঝুড়ি, বান্দ্রাসহ বিভিন্ন এলাকায় প্রায়ই দুর্ঘটনা ঘটছে। বাসচালক জাকির হোসেন বলেন, 'মহাসড়কে গাড়ি ৮০ থেকে ৯০ কিলোমিটার গতিতে চলে। হঠাৎ সামনে বাঁক এলে নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে পড়ে। অনেক বাঁকে কোনো কার্যকর সংকেত বা সাইনবোর্ডও নেই।' মহাসড়কের আরেকটি বড় সমস্যা সড়কঘেঁষা বাজার। ঢাকা-বরিশাল মহাসড়কের ভুরঘাটা পর্যন্ত ৫৯ কিলোমিটার এলাকায় অন্তত ২৪টি বাজার রয়েছে। আবার বরিশাল থেকে কুয়াকাটা পর্যন্ত ১১৯ কিলোমিটার পথে রয়েছে ৬০টির বেশি বাজার। সরেজমিন দেখা যায়, চৌমাথা, কাশিপুর, রেন্ট্রিতলা, গড়িয়ারপাড়, রহমতপুর, জয়শ্রী, ইচলাদি, বাটাজোর, আমতলীসহ বিভিন্ন এলাকায় মূল সড়কের ওপর দাঁড়িয়েই যাত্রী ওঠানামা করানো হচ্ছে। কোথাও আবার মহাসড়কের ওপরই বসছে মাছ ও সবজির বাজার। এ ছাড়া গৌরনদীর টরকি বন্দরের লাখেরা-কসবা সেতু থেকে নীলখোল সেতু পর্যন্ত পৌনে এক কিলোমিটারে গড়ে উঠেছে কয়েক শ অবৈধ স্থাপনা। কিছু স্থাপনা মহাসড়ক থেকে মাত্র চার-পাঁচ ফুট দূরত্বে অবস্থিত। পটুয়াখালী গোলচত্বর এবং আমতলীর মোড়েও সড়কের দুই প্রান্তে এক থেকে দুই কিলোমিটারজুড়ে বাজার বসে। মহাসড়কের এসব এলাকায় রাস্তার ওপর অবৈধ থ্রি-হুইলার, নসিমন, করিমন ও ব্যাটারিচালিত অটোরিকশার স্ট্যান্ড যান চলাচলকে আরও ঝুঁকিপূর্ণ করে তুলছে। এসব অবৈধ যান চলাচল নিয়েও ক্ষোভ রয়েছে যাত্রী, বাস মালিক ও চালকদের মধ্যে। রুপাতলী মিনিবাস মালিক সমিতির সভাপতি জিয়াউদ্দিন সিকদার ক্ষোভ প্রকাশ করে বলেন, 'মহাসড়কে থ্রি-হুইলার চলাচল সম্পূর্ণ নিষিদ্ধ। তার পরও এগুলো কীভাবে প্রশাসনের চোখের সামনে চলে, সেটাই প্রশ্ন।' এদিকে অবৈধ দখল উচ্ছেদ নিয়ে সীমাবদ্ধতার কথা জানান বরিশাল সড়ক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. মাসুদ খান। তিনি বলেন, 'সওজের মালিকানাধীন জমিতে আমরা নিয়মিত উচ্ছেদ অভিযান চালাই। কিন্তু ব্যক্তিমালিকানাধীন জমিতে গড়ে ওঠা বাজারের ক্ষেত্রে আমাদের সরাসরি হস্তক্ষেপের সুযোগ নেই।' তিনি আরও বলেন, শুধু পুলিশি নজরদারি দিয়ে এই সংকটের স্থায়ী সমাধান সম্ভব নয়। নিরাপদ সড়ক নিশ্চিত করতে হলে দ্রুত মহাসড়ক প্রশস্ত করতে হবে। একই সঙ্গে ঝুঁকিপূর্ণ বাঁক সোজা করা, পরিকল্পিতভাবে বাজার স্থানান্তর এবং অবৈধ যান চলাচল সম্পূর্ণ বন্ধ করা জরুরি।

জাল সনদের ৪৭১ শিক্ষকের নিয়োগ বাতিলে অ্যাকশনে মাউশি

কীর্তনখোলা ডেস্ক

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে জাল সনদে চাকরি বাগিয়ে নেওয়া এমপিওভুক্ত শিক্ষকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের (ডিআইএ) প্রতিবেদনের ভিত্তিতে শিক্ষা মন্ত্রণালয় ব্যবস্থা নেওয়ার নির্দেশনা দেওয়ার পর জাল শিক্ষকদের কারণ দর্শানোর নোটিশ দিচ্ছে মাউশি। নোটিশের জবাব পেলেই শিগগির এমপিও এবং নিয়োগ বাতিলের প্রক্রিয়া শুরু করা হবে। মাউশি সূত্র জানায়, ডিআইএর প্রতিবেদন অনুযায়ী প্রথম ধাপে ৪৭১ জন জাল সনদধারী শিক্ষকের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে কার্যক্রম শুরু করা হয়েছে। কার্যক্রমের অংশ হিসেবে সম্প্রতি বেশ কয়েকজন জাল শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ (শোকজ) দেওয়া হয়েছে। এদিকে, মন্ত্রণালয় থেকে মাউশিতে পাঠানো চিঠিতে উল্লেখ করা হয়েছে, গত ১৫ এপ্রিল শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা থেকে ৪৭১ জন জাল বা ভুয়া সনদধারী শিক্ষকের একটি তালিকা প্রেরণ করা হয়। এ তালিকায় মাধ্যমিকপর্যায়ের ৪০২ জন, কলেজপর্যায়ের ৬৪ জন এবং কারিগরিপর্যায়ের ৫ জন শিক্ষক রয়েছেন। মন্ত্রণালয়ের ওই চিঠিতে 'বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৫' অনুসারে তালিকাভুক্ত ৪৭১ জন জাল সনদধারীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগকে অবহিত করার জন্য মাউশিকে কঠোর নির্দেশনা দেওয়া হয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে দিনাজপুরের বোচাগঞ্জ উপজেলার দেওগাঁও বকুলতলা ডিগ্রি কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের প্রভাষক মো. সাদেকুল ইসলামকে শোকজ করা হয়েছে। তাতে বলা হয়েছে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত জাল সনদধারীদের তালিকায় তার নাম অন্তর্ভুক্ত রয়েছে। 'এ অবস্থায় জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর ১৮.১(ঙ) অনুচ্ছেদ মোতাবেক কেন তার এমপিও বাতিল বা স্থগিত করা হবে না এবং গভর্নিং বডি কর্তৃক তার নিয়োগ কেন বাতিল করা হবে না, সে বিষয়ে তাকে জবাব দিতে বলা হয়েছে।' নোটিশ পাওয়ার ১০ কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে (মাউশি) এ জবাব দাখিল করার জন্য তাকে নির্দেশ দেওয়া হয়েছে। আদেশটি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট শিক্ষা আঞ্চলিক কার্যালয়ের পরিচালক, জেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি ও অধ্যক্ষের কাছে অনুলিপি পাঠানো হয়েছে। পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের প্রতিবেদনের তথ্যানুযায়ী, ৪৭১ জনের মধ্যে ১৯৪ জনের শিক্ষক নিবন্ধন সনদ জাল। এছাড়া ২২৯ জনের কম্পিউটার প্রশিক্ষণ সনদ ও ৪৮ জনের বিপিএড, বিএড, গ্রন্থাগার বা অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদ ভুয়া।

ছয় বছরের শিশুকে যৌন

গেলে ওই বাড়ির মৃত খোকন দাসের ছেলে পিন্টু দাস (৩০) যৌন হয়রানি করত। তাকে একাধিকবার নিষেধ করা সত্ত্বেও আমার মেয়েকে অব্যাহতভাবে যৌন হয়রানি করায় বিষয়টি এলাকাবাসীকে জানানো হয়। পরে এলাকাবাসী ওই তাকে শাসিয়ে দেয়। স্থানীয় ও অভিযুক্তের পরিবারের সদস্যরা জানিয়েছেন, দুই বছর আগে স্বর্ণের দোকানে কাজ করত পিন্টু। কিন্তু ২০২৪ সালের ৫ আগস্টের পর এলাকায় এসে মাদকের সঙ্গে যুক্ত হয়ে পড়েছে। তবে পিন্টু দাস অভিযোগ অস্বীকার করে বলেন, মিথ্যা অভিযোগ এনে তাকে মারধর করা হয়েছে। বর্তমানে সে উজিরপুর উপজেলা হাসপাতালে ভর্তি রয়েছে। গৌরনদী মডেল থানার ওসি তারিক হাসান রাসেল বলেন, বিষয়টি আমার জানা নেই। এ বিষয়ে কেউ লিখিত অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনলাইন-অফলাইনে সক্রিয় জাল

গ্রেফতার করেছে র‌্যাব-৩। ১৪ মে উত্তরা ও টঙ্গী থেকে প্রায় ৩৪ লাখ টাকার জাল নোটসহ তিনজনকে গ্রেফতার করে গোয়েন্দা পুলিশ (ডিবি)। গোয়েন্দা সংস্থার কর্মকর্তারা বলছেন, রাজধানীসহ দেশের বিভিন্ন এলাকায় গোপনে চালু রয়েছে জাল নোট তৈরির কারখানা। সারা বছর উৎপাদন করা নোটগুলো পশুরহাটসহ মার্কেটগুলোতে ছড়িয়ে দিতে মাঠে সক্রিয় থাকে বহু চক্র। চলতি মাসের শুরু থেকে রাজধানীর বিভিন্ন এলাকায় অজ্ঞান পার্টির খপ্পরে পরে সর্বস্ব খোয়ানোর বেশ কয়েকটি ঘটনা ঘটেছে। ঈদ সামনে রেখে গরুর হাট, বাস টার্মিনাল, লঞ্চঘাট ও গণপরিবহণে এই চক্রের তৎপরতা ব্যাপকভাবে বেড়ে যায়। আইনসংশ্লিষ্ট ও অপরাধ বিশেষজ্ঞরা বলছেন, মৌসুমি অপরাধীরা মূলত সীমান্তবর্তী অঞ্চল ও ঢাকার আশপাশের জেলা থেকে ঈদ বা কোনো উৎসবের আগে রাজধানীতে আসে। সারা বছর গ্রামে ছোটখাটো কাজ করলেও এই সময়ে বাস টার্মিনাল, লঞ্চঘাট ও গণপরিবহণের যাত্রী সেজে সাধারণ নাগরিকত্বের সর্বস্বান্ত করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ড. তৌহিদুল হক বলেন, মৌসুমি অপরাধ রুখতে আইনশৃঙ্খলা বাহিনীর নজরদারি বাড়াতে হবে। এছাড়া বাড়িফেরা যাত্রীসহ রাজধানীর নাগরিকদেরও সচেতন হতে হবে।

চরফ্যাশনের বকুল হত্যা

অস্ত্র দিয়ে হত্যা করা হয়। এ সময় তাঁকে রক্ষা করতে এগিয়ে আসা তাঁর বড় বোন মুকুল বেগমও হামলার শিকার হন। এ ঘটনায় একটি হত্যা মামলা করা হয়। দীর্ঘ তদন্ত, সাক্ষ্য গ্রহণ ও শুনানি শেষে আদালত এ মামলার রায় দেন। ? ?চরফ্যাশন আদালতের অতিরিক্ত পিপি অ্যাডভোকেট হযরত আলী হিরন জানান, ভুক্তভোগী পরিবার ন্যায়বিচার পেয়েছে। এ জন্য তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

আমতলীতে ১৪ বছরের কিশোরী

ছেলে এবং সম্পর্কে আলমগীর ভুক্তভোগী এতিম কিশোরীর আপন খালু হয়। থানা সুত্রে জানা যায় ভুক্তভোগী কিশোরী তার খালা-খালুর সঙ্গে একই ঘরে পৃথক বিছানায় থাকত। সোমবার (১৮ মে) সকালে ঘরে একা পেয়ে ঐ কিশোরীকে বিছানায় গিয়ে শরীরের স্পর্শকাতর স্থানে হাত দেয় আলমগীর মৌলভী। এ সময় সে চিৎকার করলে তার মুখ চেপে ধরে এবং হাত-পা বেঁধে চাকু ধরে মেরে ফেলার হুমকি দিয়ে ধর্ষণ করে। পরদিন রোববার (২৩ মে) রাতে বিষয়টি পরিবারের সদস্যদের জানায় ওই কিশোরী। আমতলী থানার ওসি আবু সাহাদৎ মো. হাসনাইন পারভেজ জানান, রাতে সংবাদ পেয়ে আলমগীর মৌলভীকে আটক করা হয়েছে। ডাক্তারি পরীক্ষার জন্য ওই কিশোরীকে বরগুনা সদর হাসপাতালে পাঠানো হয়েছে। এ মামলা প্রক্রিয়াধীন রয়েছে। তদন্ত সাপেক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

তিন বিষয়ে সমঝোতার কাছাকাছি

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেই। যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্ভাব্য সমঝোতা স্মারক নিয়ে মুখপাত্র বাঘেই বলেন, আমরা বলতে পারি, একদিকে আমরা চুক্তি থেকে অনেক দূরে, অন্যদিকে খুব কাছেও আছি। কারণ আমরা অতীতে বহুবার দেখেছি, মার্কিন পক্ষ নিজেদের অবস্থান বদলেছে এবং পরস্পরবিরোধী বক্তব্য দিয়েছে। তাই তাদের অবস্থান আবারও পরিবর্তন হবে না-এমন নিশ্চয়তা নেই। ইরানের মুখপাত্রের ভাষ্য অনুযায়ী, তেহরানের লক্ষ্য প্রথমে ১৪ দফার একটি সমঝোতা স্মারকে পৌঁছানো। ৩০ থেকে ৬০ দিনের মধ্যে এসব বিষয়ের বিস্তারিত নিয়ে আলোচনা হবে এবং শেষ পর্যন্ত একটি পূর্ণাঙ্গ চুক্তিতে পৌঁছানোর চেষ্টা করা হবে। তিনি আরও বলেন, বর্তমানে যে বিষয়গুলো নিয়ে আলোচনা চলছে সেগুলো মূলত যুদ্ধ বন্ধে প্রাধান্য দিচ্ছে। এর মধ্যে রয়েছে হরমুজ প্রণালি ঘিরে মার্কিন নৌ আগ্রাসন বন্ধ করা এবং ইরানের অবরুদ্ধ সম্পদ মুক্তি দেওয়া। বাঘেই জানিয়েছেন, ইরানের ওপর চাপিয়ে দেওয়া যুদ্ধ বন্ধে তেহরানে চলমান আলোচনার বিষয়ে পাকিস্তানি প্রতিনিধিদলের সঙ্গে পরামর্শ হয়েছে। বর্তমানে একটি সমঝোতা স্মারক (এমওইউ) চূড়ান্ত করার পর্যায়ে রয়েছে উভয় পক্ষ। প্রস্তাবিত সমঝোতা খসড়া নথি অনুযায়ী, যুদ্ধবিরতির সময় হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল পুনরায় স্বাভাবিক হবে এবং ইরান অবাধে তেল বিক্রি করতে পারবে। এছাড়া প্রণালিতে পেতে রাখা মাইন অপসারণের বিষয়েও ইরানের সম্মতির কথা উল্লেখ করা হয়েছে। এর বিনিময়ে যুক্তরাষ্ট্র ইরানি বন্দরগুলোর ওপর অবরোধ শিথিল ও কিছু নিষেধাজ্ঞা ছাড় দেওয়ার বিষয়ে আলোচনা করবে। এতে আরও বলা হয়েছে, প্রস্তাবিত চুক্তিতে ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়েও আলোচনা অন্তর্ভুক্ত রয়েছে বলে কয়েকটি আন্তর্জাতিক সংবাদমাধ্যমে খবর প্রকাশিত হয়েছে। এসব খবরের তথ্য মতে, এর আওতায় ইউরেনিয়াম সমৃদ্ধকরণ সীমিত করা এবং উচ্চমাত্রায় সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত নিয়ে সমঝোতার বিষয়টি এই আলোচনায় অন্তর্ভুক্ত থাকতে পারে। এ বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, ইরান তাদের সমৃদ্ধ পরমাণু হস্তান্তরে রাজি হয়েছে। কিন্তু পারমাণবিক ইস্যু নিয়ে ভিন্ন তথ্য দিয়েছেন মুখপাত্র ইসমাইল বাঘেই। তিনি বলেন, আলোচনার এই পর্যায়ে পরমাণু ইস্যুতে তেহরান বিস্তারিত আলোচনায় যাচ্ছে না। তার দাবি, ইরানের পারমাণবিক কর্মসূচিকে অজুহাত হিসেবে ব্যবহার করে দেশটির বিরুদ্ধে দুটি আগ্রাসী যুদ্ধ চালানো হয়েছে। তিনি আরও বলেন, পারমাণবিক ইস্যুতে আলোচনা চলাকালেও আমরা অবৈধ হামলার শিকার হয়েছি। তাই আমরা বিচক্ষণতার সঙ্গে এই মুহূর্তে সবচেয়ে জরুরি বিষয় হচ্ছে সব ফ্রন্টে যুদ্ধ বন্ধ করা। ইরান এ বিষয়ের ওপর অগ্রাধিকার দিচ্ছি, যার মধ্যে লেবাননও রয়েছে। তিনি উল্লেখ করেন, দুই পক্ষের আলোচনায় ধীরে ধীরে কাছাকাছি অবস্থানে আসছে। এর অর্থ এই নয় যে, এত গুরুত্বপূর্ণ সব বিষয়ে এখনই পূর্ণ সমঝোতা সম্ভব হবে। দুই পক্ষ এমন কিছু গ্রহণযোগ্য কাঠামোর দিকে অগ্রসর হচ্ছে, যা উভয় পক্ষের জন্য গ্রহণযোগ্য হতে পারে। হরমুজ প্রণালি প্রসঙ্গে বাঘেই বলেন, হরমুজ প্রণালির সঙ্গে যুক্তরাষ্ট্রের কোনো সম্পর্ক নেই। উপকূলীয় দেশ হিসেবে ইরান ও ওমানের মধ্যে একটি ব্যবস্থা নির্ধারণ করা উচিত। তিনি জানান, এ বিষয়ে সংশ্লিষ্ট সংস্থাগুলোর সঙ্গে আলোচনা চলছে এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের জন্য এই জলপথের গুরুত্ব সম্পর্কে ইরান সচেতন।

মিয়ানমার সীমান্তে স্থলমাইন

ঘুমধুম ৯ নম্বর ওয়ার্ড ভালুকিয়া পাড়া এলাকার সুনিয়ং চাকমার ছেলে লেড়াইয়া (৪১), মৃত নিওমং চাকমার ছেলে অংকে মং (৫০) এবং অইমং চাকমার ছেলে চিংকা অং। স্থানীয় সূত্রে জানা যায়, সীমান্তবর্তী নিজেদের কৃষিক্ষেত পরিচর্যার জন্য ওই এলাকায় প্রায়ই যেতেন ওই তিন বাংলাদেশি। রোববার দুপুরে আবারও গেলে স্থলমাইন বিস্ফোরণ হয়। এতে তিনজনই নিহত হন। খবর পেয়ে মরদেহ উদ্ধার করে প্রশাসন। নাইক্ষ্যংছড়ি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এনামুল হাসান তিনজন নিহতের বিষয়টি নিশ্চিত করেন।

কাঁঠালিয়ায় পুকুরে

নাছের রায়হান বলেন, ''শিশু মৃত্যু ঘটনায় কোনো অভিযোগ না থাকায় পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা রেকর্ড করা হয়েছে।''

ভেজাল ফ্রুট পুডিং কারখানায়

উপজেলা নির্বাহী কর্মকর্তা কাউসার আহমেদ বলেন, "অনুমতি ছাড়া সাত ধরনের ভেজাল পণ্য তৈরি করা হচ্ছিল। যা শিশুদের স্বাস্থ্যের জন্য অত্যন্ত ক্ষতিকর। কেমিক্যাল জব্দ করে ধ্বংস করা হয়েছে।"

বরিশাল বিভাগে দ্বিতীয়

বেশ কিছু দক্ষ লোক বেরিয়ে আসবে। যাদের সংস্পর্শে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র চূড়ান্ত পরিণতির দিতে এগিয়ে যাচ্ছে। আমরা আশা করছি, যথা সময়েই উৎপাদনে আসতে সক্ষম হবে রূপপুর বিদ্যুৎ কেন্দ্র। অত্যন্ত ঝুঁকিপূর্ণ ও উচ্চ প্রযুক্তির পারমাণবিক বিদ্যুৎকে সাশ্রয়ী বিবেচনা করা হয়। যদিও ফুকুশিমা ও চেরনোবিল দুর্ঘটনার কারণে অনেকটা বিতর্কের মধ্য দিয়ে যাচ্ছে এ খাত। পাবনার রূপপুরে রুশ ফেডারেশনের কারগরি সহায়তায় দৃঢ়ভাবে এগিয়ে চলছে প্রথম প্রকল্পের কাজ। এখান থেকে দুই হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। ২০২৩ সালে প্রথম ইউনিট উৎপাদনে আসার কথা রয়েছে। এর কয়েক মাসের ব্যবধানে উৎপাদনে আসবে দ্বিতীয় ইউনিট। কারিগরি সহায়তাকারী প্রতিষ্ঠান রোসাটম (রাশিয়ান স্টেট নিউক্লিয়ার এনার্জি করপোরেশন) দাবি করেছে, সর্বাধুনিক ভিভিআর প্রযুক্তিতে এ বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হচ্ছে। এতে পাঁচ স্তরের নিরাপত্তা ব্যবস্থা থাকায় কোনো রকম ঝুঁকি নেই। বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে কিছুটা ধোঁয়াশা ও বিতর্কের সৃষ্টি হয়েছে। মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, রূপপুরের বর্জ্য রাশিয়ায় ফেরত নিয়ে যাবে। তবে এটি ফলাও করে প্রচার হোক, তা চান না রাশানরা। ফলাও হলে রোসাটম বিশ্বের বিভিন্ন স্থানে যেখানে যেখানে বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ করছে, সব জায়গা থেকে আবেদন উঠতে পারে। তাই তারা ফলাও করে প্রচারের বিপক্ষে। তবে বর্জ্য নিয়ে যাওয়ার বিষয়ে বাংলাদেশকে প্রতিশ্রুতি দিয়েছে রোসাটম। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বর্জ্য ফেরত সংক্রান্ত বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হননি। মন্ত্রী বলেছেন, দেশবাসীকে আশ্বস্ত করতে চাই, এটি নিয়ে উদ্বেগের কিছু নেই, সব কিছু ঠিকঠাক চলছে। তিনি বলেন, আমি বর্জ্য ব্যবস্থাপনা দেখে এসেছি, এটি হাইটেক কোনো বিষয় নয়। মাটির নিচে নির্দিষ্ট গভীরে কন্টেইনারে করে রেখে দেওয়া হয়। বর্জ্যের ৯০ শতাংশ পুনরায় শক্তি হিসেবে ব্যবহৃত হয়। এক সময় আসবে, আমাদের সন্তানরা বলবে, এ মূল্যবান সম্পদ আমরা বিদেশে পাঠাবো কেন। আমরাই সংরক্ষণ করব। বিশ্বের ৩০টি দেশে ৪৪৯ পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র রয়েছে। ২০২৫ সালের মধ্যে উৎপাদনে আসবে নতুন ১৭৩ বিদ্যুৎ কেন্দ্র। চলমান এসব প্রকল্পের মধ্যে নতুন দেশ হিসেবে পারমাণবিক বিদ্যুৎ জগতে প্রবেশ করবে ৩০টি দেশ। ভারতে ২১টি পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র রয়েছে। ছয়টি নির্মাণাধীন ও ২৪টি রয়েছে পরিকল্পনাধীন। ভারত ২০২৪ ও ২০৫২ সাল নাগাদ যথাক্রমে ২৭ হাজার ৪৮০ মেগাওয়াট ও ৬৩ হাজার মেগাওয়াট পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। চীনে বর্তমানে ৩০টি পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র রয়েছে। ২৪টির বিদ্যুৎ কেন্দ্রের কাজ চলমান রয়েছে।

জুতার দোকানের ক্যাশ কাউন্টার

শাহী মসজিদ সংলগ্ন 'আকিলা সু স্টোর'-এ বাউফল থানা পুলিশ এই বিশেষ অভিযান পরিচালনা করে। পুলিশ জানা যায়, আটক সাগর হাওলাদার দীর্ঘদিন ধরে জুতার ব্যবসার আড়ালে গোপনে মাদক কেনাবেচা করে আসছিলেন। শনিবার রাতে বাউফল থানার একটি দল ওই দোকানে আকস্মিক অভিযান চালায়। পরে তল্লাশিকালে দোকানের ক্যাশ কাউন্টারের ভেতর থেকে ১৫ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয় এবং সাগরকে হাতেনাতে আটক করা হয়। বাউফল থানার অফিসার ইনচার্জ (ওসি) সিরাজুল ইসলাম জানান, আটক সাগরের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দায়েরের প্রক্রিয়া চলছে। তিনি আরও জানান, সাগরের অপরাধের রেকর্ড এটাই প্রথম নয়, এর আগেও মাদক বহনের অভিযোগে র?্যাব-৮-এর একটি অভিযানে দুমকি উপজেলা থেকে গ্রেপ্তার হয়েছিলেন তিনি। মাদকের বিরুদ্ধে পুলিশের এমন কঠোর অভিযান আগামীতেও অব্যাহত থাকবে বলে জানান তিনি।

গৌরনদীতে গ্রাম আদালত

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ ইব্রাহীম । তিনি বক্তব্যে বলেন, গ্রাম আদালত সাধারণ মানুষের দোরগোড়ায় দ্রুত, সহজ ও স্বল্প ব্যয়ে বিচারসেবা পৌঁছে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ বিষয়ে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে সমন্বিতভাবে কাজ করতে হবে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌরনদী মডেল থানার ওসি তারিক হাসান রাসেল, গৌরনদী প্রেসক্লাবের সভাপতি ও গৌরনদী পৌর নাগরিক কমিটির সভাপতি সিনিয়র সাংবাদিক জহুরুল ইসলাম জহির, উপজেলা সমাজসেবা কর্মকর্তা সুশান্ত বালা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিভাষ কুমার, আগৈলঝাড়া উপজেলা গ্রাম আদালতের সমন্বয়কারী সুচিত্রা বাড়ৈ, উপজেলা এনজিও সমন্বয় পরিষদের সভাপতি প্রেমানন্দ ঘরামী, উপজেলা তথ্য সেবা কর্মকর্তা শিল্পী বনিক। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন গৌরনদী উপজেলা গ্রাম আদালতের সমন্বয়কারী মোঃ দলোয়ার হোসেন। কর্মশালায় বক্তারা গ্রাম আদালতের কার্যক্রম সাধারণ মানুষের কাছে আরও সহজভাবে তুলে ধরতে বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করেন। একইসঙ্গে ইউনিয়ন পর্যায়ে প্রচার-প্রচারণা বৃদ্ধি, স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্তকরণ এবং সামাজিক বিরোধ দ্রুত নিষ্পত্তির মাধ্যমে সামাজিক শান্তি বজায় রাখার বিষয়ে মতামত তুলে ধরা হয়।

ভয়াবহ অগ্নিকাণ্ডে পুড়লো সাত

দেখা দেয়। আগুনের তীব্রতা এবং দোকানে গ্যাস সিলিন্ডার ও বৈদ্যুতিক সংযোগ থাকায় স্থানীয়রা প্রাথমিকভাবে আগুন নেভানোর সাহস পাননি। ফলে ব্যবসায়ীরা তাদের দোকান থেকে কোনো মালামাল বের করার সুযোগ পাননি। অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা হলেন- মো. বিল্লাল হোসেন, সোহেল, নজরুল, নিজাম খলিফা, জাহাঙ্গীর, আহসান ও হাসান। আগুনে তাদের সার, ওষুধ, কীটনাশক ও মুদি সামগ্রীসহ সমস্ত মালামাল পুড়ে গেছে। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী বিল্লাল হোসেন কান্নাজড়িত কণ্ঠে বলেন, কিছুদিন আগে আমার বাড়িতে চুরি হয়েছিল। তাই নিরাপত্তার স্বার্থে ব্যবসার ১০-১১ লাখ টাকা দোকানেই রেখেছিলাম। এছাড়া দোকানে সার, ওষুধ ও কীটনাশকসহ বিপুল মালামাল ছিল। নগদ টাকা ও মালামাল মিলিয়ে আমার প্রায় ৭০ থেকে ৮০ লাখ টাকার ক্ষতি হয়েছে। আমি এখন পুরোপুরি নিঃস্ব। এদিকে আগুনে অন্য ৬ ব্যবসায়ীরও প্রায় ৩০ থেকে ৩৫ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানা গেছে। খবর পেয়ে বোরহানউদ্দিন ফায়ার সার্ভিসের একটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে আনে। তবে ফায়ার সার্ভিস পৌঁছানোর আগেই অধিকাংশ দোকান পুড়ে ছাই হয়ে যায়। বোরহানউদ্দিন উপজেলা ফায়ার সার্ভিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. হাই জানান, আগুন লাগার খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই আমাদের টিম ঘটনাস্থলের উদ্দেশ্যে রওনা হয়। আমরা ১০ মিনিটের মধ্যে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হই। তবে তার আগেই বেশ কয়েকটি দোকান সম্পূর্ণ পুড়ে যায়।

আগৈলঝাড়ায় ৩৬ ড্রাম

দৌলতখান এলাকার ছিন্টু হোসেনের ছেলে বিল্লাল হোসেন (৪৫), চরমনসা এলাকার জামাল উদ্দিন জোমাদ্দারের ছেলে তাহিন জোমাদ্দার (২৮) ও রামদাসপুর এলাকার সাহাবুদ্দিন বেপারীর ছেলে কালু বেপারী ৩৫) কে আটকের পর প্রত্যেককে দুই মাসের কারাদন্ড প্রদান করা হয়েছে। জব্দ করা ৩৬ ড্রাম ভর্তি চিংড়ি রেনু উপজেলার বিভিন্ন খাল ও নদীতে অবমুক্ত করা হয়েছে। এসময় উপস্থিত ছিলেন আগৈলঝাড়া থানার এসআই সমীরসহ মৎস্য অফিসের বিভিন্ন কর্মকর্তাবৃন্দ। গতকাল রোববার দুপুরে কারাদন্ডপ্রাপ্ত ৫ জনকে বরিশাল জেল হাজতে প্রেরন করা হয়েছে।

বরিশালে ধর্ষণ দাবিতে ছড়ানো

পোস্টগুলোতেও কোনো থানার নাম, মামলা নম্বর, ভুক্তভোগীর পরিচয়, সংবাদ প্রতিবেদন বা নির্ভরযোগ্য সূত্র দেওয়া হয়নি। অনুসন্ধানে উৎরংঃরশড়হ নামের একটি ফেসবুক পেজে গত ১৫ মে প্রকাশিত একই ভিডিও পাওয়া যায়। ওই পোস্টের ক্যাপশনে বলা হয়, কিস্তির টাকা না পেয়ে গৃহবধূকে বি'ব'স্ত্র করল এনজিও কর্মী। পরে অনুসন্ধানে কুমিল্লার স্থানীয় সংবাদমাধ্যম কুমিল্লা প্রতিদিনের একটি প্রতিবেদন পাওয়া যায়। এতে ঘটনাটি কুমিল্লা শহরের সদর গোয়ালপট্টি এলাকার বলে উল্লেখ করা হয়। সেখানে বলা হয়, কিস্তির টাকা পরিশোধে বিলম্ব হওয়াকে কেন্দ্র করে বেসরকারি সংস্থা 'পল্লী মঙ্গল কর্মসূচি'র কয়েকজন মাঠকর্মীর বিরুদ্ধে এক দম্পতিকে মারধর ও লাঞ্ছিত করার অভিযোগ ওঠে। কুমিল্লা প্রতিদিনের প্রতিবেদন অনুযায়ী, রিনা রানী সাহা পল্লী মঙ্গল কর্মসূচি থেকে ৮০ হাজার টাকা ঋণ নেন। তিনি মাসে ৮ হাজার টাকা করে ছয়টি কিস্তি পরিশোধ করলেও পরবর্তী তিনটি সময়মতো দিতে পারেননি। নির্যাতনের ঘটনার রাতেই কুমিল্লা কোতোয়ালি মডেল থানায় লিখিত অভিযোগ দেওয়া হয়। অর্থাৎ, আলোচিত ভিডিও বরিশাল থানায় ধর্ষণের বর্ণনা দেওয়ার কোনো দৃশ্য নয়। এটি কুমিল্লায় এনজিও কর্মীদের বিরুদ্ধে এক দম্পতিকে মারধর এবং লাঞ্ছনার অভিযোগের ঘটনার।

ঝালকাঠিতে আওয়ামী লীগের

জানা গেছে, ২০২২ সালের ৫ জানুয়ারি ঝালকাঠি পৌরসভাধীন জেলা আইনজীবী সমিতির পেছনের এলাকায় বিস্ফোরক মামলার অভিযোগের পরিপ্রেক্ষিতে একটি মামলা হয়। অন্যদিকে, ঝালকাঠি জেলা বিএনপির সদস্য সচিব মো. শাহাদাৎ হোসেনের বাসভবনে হামলা ও ভাঙচুরের ঘটনায় দায়ের করা আরেকটি মামলায় আওয়ামী লীগের নেতাকর্মীদের আসামি করা হয়েছিল। উল্লেখ্য, বিস্ফোরক মামলাটির বাদী ঝালকাঠি জেলা মহিলা দলের নেত্রী শারমীন লেলিন মুক্তা এবং ভাঙচুর মামলাটির বাদী জেলা বিএনপির সদস্য সচিব মো. শাহাদাৎ হোসেন।

মাদকাসক্ত ছেলের আগুনে

থাকেন। বাড়িতে বৃদ্ধা মায়ের সঙ্গে একা থাকতো ছোট ছেলে তামিম। পরিবারে কোনো পুরুষ অভিভাবক না থাকার সুযোগে তামিম তীব্রভাবে মাদকাসক্ত হয়ে পড়ে। মাদকের টাকার জন্য প্রায়ই সে বাড়িতে ভাঙচুর, তান্ডব ও মায়ের ওপর মানসিক নির্যাতন চালাতো। নিহত আব্দুল জলিল হাওলাদারের বড় মেয়ে সুলতানা কান্নাজড়িত কণ্ঠে বলেন, ভাইটাকে ভালো করার জন্য আমরা সাধ্যের বাইরে গিয়ে চার চারবার মাদক নিরাময় কেন্দ্রে (রিহ্যাব) ভর্তি করেছিলাম। কিন্তু প্রতিবারই ফিরে এসে সে আবার নেশার মরণকামড়ে জড়িয়ে পড়ে। স্বজনরা জানান, রোববার সকালে মাদকের টাকার জন্য মায়ের সঙ্গে তামিমের ঝগড়া হয়। একপর্যায়ে মায়ের ওপর চরম ক্ষোভ ও অভিমান দেখিয়ে সে নিজের ঘরে আগুন লাগিয়ে দেয়। মুহূর্তের মধ্যে আগুনের লেলিহান শিখা পুরো ঘরে ছড়িয়ে পড়ে। আগুন দিয়েই তামিম ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। এ সময় তার বৃদ্ধা মা চিৎকার করে প্রতিবেশীদের ডাকলেও দক্ষিণ সাতলা গ্রামের যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত দুর্গম হওয়ায় এবং ফায়ার সার্ভিসের গাড়ি পৌঁছানোর কোনো রাস্তা না থাকায় আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি। স্থানীয়রা চেষ্টা করার আগেই চোখের সামনে পুড়ে ছাই হয়ে যায় পুরো বাড়ি। অগ্নিকাণ্ডে ঘরটিতে থাকা প্রায় ১০০ মণ ধান, কয়েক মণ চাল, নগদ টাকা, স্বর্ণালংকার, নতুন কেনা ফ্রিজ, স্যুটকেস, ৬টি খাট ও স্টিলের আলমারিসহ জীবনের সমস্ত সঞ্চয় পুড়ে ছাই হয়ে গেছে। খোলা আকাশের নিচে দাঁড়িয়ে থাকা পরিবারটির দাবি, এই অগ্নিকাণ্ডে তাদের অন্তত ২০ লক্ষ টাকার ক্ষতিসাধন হয়েছে।

ঈদযাত্রায় নৌপথে নিরাপত্তা দেবে কোস্টগার্ড

ভোলা প্রতিনিধি

আসন্ন ঈদুল আজহায় ভোলার ঘরমুখো যাত্রীদের নিরাপত্তা জোরদার করেছে কোস্টগার্ড দক্ষিণ জোন। রোববার (২৪ মে) সকালে ভোলার ইলিশা লঞ্চঘাটে এক সংবাদ সম্মেলনে কোস্টগার্ড দক্ষিণ জোনের জোনাল কমান্ডার ক্যাপ্টেন মো. আরিফ হোসেন এসব কথা বলেন। তিনি বলেন, ঈদুল আজহা উপলক্ষে ভোলার ইলিশা, খেয়াঘাট, ভেদুরিয়াসহ কোস্টগার্ড দক্ষিণ জোনের আওতায় থাকা এলাকার নৌপথে অতিরিক্ত যাত্রী বহনজনিত দুর্ঘটনা প্রতিরোধ, যাত্রীদের নিরাপদ যাতায়াত নিশ্চিতকরণের লক্ষ্যে কোস্টগার্ড দক্ষিণ জোনের বিশেষ টহল, জনসচেতনতামূলক মাইকিং, লিফলেট বিতরণ, ধারণক্ষমতার অতিরিক্ত যাত্রী পরিবহন থেকে বিরত রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়াও নৌযানে যাত্রীদের লাইফ জ্যাকেট পরিধান নিশ্চিত করার কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। তিনি আরও বলেন, দুর্ঘটনা এড়াতে বিআইডব্লিউটিএ কর্তৃক লঞ্চঘাটের নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোনো মাধ্যমে খেয়া পারাপারের ছোট বোট বা ট্রলারযোগে যাত্রী ওঠানামা প্রতিরোধে আমরা বিশেষ নজরদারির ব্যবস্থা করেছি। পাশাপাশি যাত্রীদের অনুরোধ করা যাচ্ছে যেকোনো জরুরি প্রয়োজনে সহায়তা নিতে কোস্ট গার্ড জরুরি সেবা নম্বর যোগাযোগ করুন।

ভোলা-ঢাকা নৌরুটে যাত্রী হয়রানি বন্ধে ১৪ দফা দাবি

ভোলা প্রতিনিধি

ভোলা-ঢাকা নৌরুটে যাত্রী হয়রানি, অতিরিক্ত ভাড়া আদায়, নিরাপত্তাহীনতা ও লঞ্চ স্টাফদের বিরুদ্ধে হামলার অভিযোগের প্রতিবাদে অবস্থান কর্মসূচি পালন করেছেন সাধারণ যাত্রীরা। একই সঙ্গে যাত্রী নিরাপত্তা নিশ্চিত ও অনিয়ম বন্ধে ১৪ দফা দাবি জানিয়ে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করা হয়েছে। রোববার (২৪ মে) দুপুরে ভোলার ইলিশা লঞ্চঘাট এলাকায় এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে সাধারণ যাত্রী, স্থানীয় সচেতন নাগরিক ও ভুক্তভোগীরা অংশ নেন। কর্মসূচিতে ভুক্তভোগী আব্দুর রহমান ও যাত্রী ইমরান বক্তব্য দেন। পরে সাধারণ যাত্রীদের পক্ষে জেলা প্রশাসকের কাছে লিখিত আবেদন ও স্মারকলিপি জমা দেয়া হয়। ভোলার রাজাপুর ইউনিয়নের মেদুয়া গ্রামের বাসিন্দা মো. আব্দুর রহমান অভিযোগ করেন, গত ২৩ মে সকাল ১১টা ৪৫ মিনিটে ভোলা অভিমুখী ফারহান-৯ লঞ্চে যাত্রাকালে অতিরিক্ত ভাড়া আদায়ের প্রতিবাদ করলে লঞ্চ স্টাফদের সঙ্গে তার বাকবিতণ্ডা হয়। এক পর্যায়ে তাকে লঞ্চে আটকে রেখে ইলিশা ঘাটে পৌঁছানোর পর সংঘবদ্ধভাবে মারধর করা হয়। এতে তিনি শারীরিক ও মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে দাবি করেন। ঘটনার ভিডিও ফুটেজও রয়েছে বলে জানান তিনি। তিনি বলেন, একজন যাত্রী হিসেবে ভাড়া ও সেবার বিষয়ে মতামত দেয়ার অধিকার সবার রয়েছে। কিন্তু প্রতিবাদ করায় হামলার শিকার হওয়া অত্যন্ত উদ্বেগজনক।' ঘটনার সুষ্ঠু তদন্ত ও জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তিনি। অবস্থান কর্মসূচিতে বক্তারা বলেন, দীর্ঘদিন ধরে ভোলা-ঢাকা নৌরুটে অতিরিক্ত ভাড়া আদায়, সিট বাণিজ্য, যাত্রী হয়রানি ও নিরাপত্তাহীনতার ঘটনা ঘটে আসছে। বিভিন্ন সময় যাত্রী কল্যাণ সংগঠন ও সাধারণ মানুষ অভিযোগ জানালেও কার্যকর পদক্ষেপ নেয়া হয়নি। যাত্রীদের পক্ষ থেকে ১৪ দফা দাবির মধ্যে রয়েছে ঘটনার নিরপেক্ষ তদন্ত ও দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ, লঞ্চে যাত্রী নিরাপত্তা নিশ্চিত করা, অতিরিক্ত যাত্রী বহন বন্ধে নিয়মিত অভিযান পরিচালনা, পর্যাপ্ত লাইফ জ্যাকেট ও লাইফ বয়া সরবরাহ, প্রতিটি লঞ্চে সিসিটিভি ও আধুনিক নিরাপত্তা ব্যবস্থা স্থাপন, নৌ-পুলিশ ও কোস্টগার্ডের টহল বৃদ্ধি, ঘাট এলাকায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা ও নিরাপদ ওঠানামা নিশ্চিত করা, দক্ষ মাস্টার ও স্টাফ নিয়োগ ও প্রশিক্ষণ, বৈরী আবহাওয়ায় ঝুঁকিপূর্ণ লঞ্চ চলাচল বন্ধ রাখা, জরুরি চিকিৎসাসেবা ও প্রাথমিক চিকিৎসা বক্স রাখা, নারী-শিশু ও বয়স্কদের জন্য নিরাপদ জোন নিশ্চিত করা এবং যাত্রী অভিযোগ গ্রহণে হটলাইন চালুসহ দ্রুত ব্যবস্থা গ্রহণ। সাধারণ যাত্রী ইমরান বলেন, 'নৌপথে যাত্রীদের নিরাপত্তা ও সম্মান নিশ্চিত করতে প্রশাসন, বিআইডব্লিউটিএ, নৌ-পুলিশ ও লঞ্চ মালিকদের সমন্বিত উদ্যোগ প্রয়োজন। অন্যথায় ভবিষ্যতে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।' এ বিষয়ে জেলা প্রশাসক ডা. শামীম রহমান বলেন, 'ভোলা-ঢাকা নৌরুটে যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসন বদ্ধপরিকর। প্রতিটি ঘাটে কোস্টগার্ড, পুলিশ ও আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েন করা হয়েছে। পাশাপাশি অতিরিক্ত ভাড়া আদায় ও অতিরিক্ত যাত্রী বহন রোধে নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ দেয়া হয়েছে। আশা করছি, দ্রুত লঞ্চে যাত্রীসেবার মান উন্নত হবে।'

পটুয়াখালীতে দখল দূষণে হারিয়ে যাচ্ছে বিভিন্ন নদী

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী শহরের প্রাণ লোহালিয়া ও লাউকাঠী নদীর তীর দখল হয়ে যাচ্ছে। দুই নদীর ফোরসোর ল্যান্ডও দখল হয়ে যাচ্ছে। এ ছাড়া কলাপাড়ায় ইলিশের অভয়াশ্রম আন্ধারমানিক, সোনাতলা, শিববাড়িয়া, খাপড়াভাঙ্গা, আরপাঙ্গাশিয়া ও টিয়াখালী নদীও এখন দখল দূষণে ভরাট হয়ে অস্তিত্ব সংকটে পড়েছে। খোঁজ নিয়ে জানা গেছে, প্রভাবশালীদের দ্বারা এসব নদীর তীর দখল করে তোলা হয়েছে ইটভাটা। নির্মাণ করা হয়েছে বিভিন্ন ধরনের স্থাপনা। নদীতে অবাধে ফেলা হচ্ছে বর্জ্য। পটুয়াখালী শহরের উত্তর দিকে বয়ে গেছে লাউকাঠী নদী ও পূর্ব দিকে বয়ে গেছে লোহালীয়া নদী। দুটি নদীর তীরের জমি সরকারের ১ নম্বর খাস খতিয়ান। এ নদীর লঞ্চঘাট পয়েন্ট থেকে পশ্চিমে নিউমার্কেট পর্যন্ত নদীর তীরে (ফোরসোর ল্যান্ড) দখল করে গড়ে তোলা হয়েছে ছোট বড় বহু ঘরবাড়ি ও ব্যবসাপ্রতিষ্ঠান। নির্মাণ করা হয়েছে পাকা-কাঁচা স্থাপনা। এমনকি ব্যক্তিগত ব্যবসাপ্রতিষ্ঠানের মালামাল পরিবহন করার জন্য নির্মাণ করা হয়েছে সড়কও। শহরের পূর্ব দিক দিয়ে দক্ষিণে বয়ে গেছে লোহালিয়া নদী। নদীর লঞ্চঘাট পয়েন্ট থেকে শুরু করে কাঠপট্টি পর্যন্ত একইভাবে দখল হয়েছে তীরভূমি (ফোরসোর ল্যান্ড)। সেখানে গড়ে উঠেছে বিভিন্ন ধরনের স্থাপনা। অভিযোগ রয়েছে, নদীবেষ্ঠিত পটুয়াখালী জেলার বেশির ভাগ নদীই এভাবে অস্তিত্ব হারাচ্ছে। পটুয়াখালী শহরের বিশিষ্ট ব্যবসায়ীদের কয়েকজন বলেন, সরকারের যেসব বিভাগ এসব দেখভালের দায়িত্বে আছেন, তারা একে-অপরের ওপর দোষ চাপিয়ে দায় এড়াতে চান। তাই দিন দিন নদীর তীরভূমি যে যার মতো করে দখল করে নিচ্ছে। দেশের সব দক্ষিণে বঙ্গোপসাগর থেকে উঠে আসা আন্ধারমানিক নদীটি ৩৯ কিলোমিটার দীর্ঘ। শেষ হয়েছে রাবনাবাদ নদীতে মিশে। এক সময়ের খরস্রোতা এ নদীতে পলির আস্তরণে দুই পাড় ভরাট হয়ে এখন সংকুচিত। বর্তমানে নদীর পাড়ের কলাপাড়া পৌর শহর অংশে বিভিন্ন ধরনের স্থাপনা করা হয়েছে। দুই তীরে তোলা হয়েছে ১০টিও বেশি ইটভাটা। শহরের সব ধরনের বর্জ্য ফেলা হচ্ছে এ নদীতে। আন্ধারমানিক নদীর হাজিপুর থেকে শুরু হয়ে কলাপাড়ায় মিঠাগঞ্জে গিয়ে শেষ হয়েছে সোনাতলা নদীটি। ২০ কিলোমিটার দীর্ঘ এই নদীর দুই পাড়ে তিনটি ইটভাটা রয়েছে। নদী তীরের ম্যানগ্রোভ প্রজাতির বনাঞ্চল প্রায় নিশ্চিহ্ন। এ নদীর পাড়ের মাটি কেটে নিচ্ছেন ইটভাটার মালিকরা। নদীটি পুরান মহিপুর অংশে তীরসহ চরভূমি দখল করে কাঁকড়া ও মাছের ঘের করা হয়েছে। ভূমি অফিস প্লাবনভূমিকে চাষযোগ্য কৃষি জমি দেখিয়ে লিখিত এবং অলিখিত বন্দোবস্ত দেওয়ায় এমন সমস্যা হয়েছে। এ কারণে নদী দখলদারত্বের দৌরাত্ম্য আরও বেড়েছে। খাপড়াভাঙ্গা নদীটি ১৭ কিলোমিটার দীর্ঘ আন্ধারমানিক নদী থেকে শুরু হয়ে শেষ হয়েছে রাবনাবাদের আশাখালীতে। এ নদীর মহিপুর-আলীপুর এবং চাপলী, লক্ষ্মীর বাজার, আশাখালীতে দখল করে তীরে তোলা হয়েছে অসংখ্য স্থাপনা। নদীতীরে করাতকল, ইটভাটা রয়েছে। নদীতে প্রচুর বর্জ্য ফেলা হয়। নদীতীরের ম্যানগ্রোভ প্রজাতির হাজার হাজার গাছপালা কেটে উজাড় করা হয়েছে। হাজারো জেলের দাবি- এ নদী ভরাটরোধে পুনঃখনন করা হোক। আন্ধারমানিক নদীর বঙ্গবন্ধু কলোনির পাশ দিয়ে শুরু হয়ে আরপাঙ্গাশিয়া নদী মিশেছে আমতলীর পায়রা নদীতে। তবে এখন পায়রা নদীর আমতলী অংশের অধিকাংশ এলাকা ভরাট হয়েছে। ভরাট হওয়া চর স্থানীয় ভূমি অফিস চাষযোগ্য কৃষি জমি দেখিয়ে বন্দোবস্ত দিয়েছে। ১৪ কিলোমিটার দীর্ঘ এ নদীর তীরজুড়ে এখন বর্জ্য ফেলার পাশাপাশি চলছে দখলের মহোৎসব। একইভাবে টিয়াখালী নদীর দুই তীর দখলযজ্ঞ চলছে। মধুখালী, কাটাভারানিসহ, ঢোস, বানাতিবাজার শাখা নদীতে বাজারকেন্দ্রিক দখল চলছে। এ ছাড়া মির্জাগঞ্জের শ্রীমন্ত ও পায়রা নদী, বাউফলের নুরাইনপুর, বগা, গলাচিপার কোটখালী, মনসাতলা, কচুয়া নদীসহ জেলার কিয়েকটি নদী ভরাট হওয়ার পর দুই তীর দখল হয়ে গেছে। এ বিষয়ে পটুয়াখালী জেলা প্রশাসক ড. শহীদ হোসেন চৌধূরী বলেন, রাতারাতি এগুলো দখলমুক্ত করা সম্ভব নয়। আমাদের কার্যক্রম চলমান। সংশ্লিষ্ট ইউএনওদের বলা হয়েছে যেখানেই বেদখল আছে সেখানেই ব্যবস্থা নিতে।

প্রতিবন্ধী তরুণীকে ধর্ষণের অভিযোগে বৃদ্ধ গ্রেপ্তার

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর মির্জাগঞ্জে প্রতিবন্ধী তরুণীকে ধর্ষণের অভিযোগে মো. নাজেম মৃধা (৬৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। শনিবার (২৩ মে) বিকালে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। পুলিশ ও মামলার তথ্য অনুযায়ী, গত বৃহস্পতিবার উপজেলার পায়রা নদীর পাড় এলাকায় এ ঘটনা ঘটে। অভিযোগ রয়েছে, ওই সময় প্রতিবন্ধী তরুণী ঝর্না আক্তারকে (২৭) ধর্ষণ করা হয়। ঘটনার সময় এক জেলে মোবাইল ফোনে কিছু ছবি ও ভিডিও ধারণ করেন, যা পরে ঘটনার গুরুত্বপূর্ণ আলামত হিসেবে সামনে আসে। এ ঘটনায় চরখালী গ্রামের নবাব আলী মৃধার ছেলে নাজেম মৃধার বিরুদ্ধে থানায় মামলা করা হয়েছে। মামলার পর গোপন সংবাদের ভিত্তিতে পটুয়াখালী সদর উপজেলার বোতলবুনিয়া এলাকায় অভিযান চালায় পুলিশ। পরে শনিবার বিকাল সাড়ে ৫টার দিকে বোনের বাড়ির সামনে থেকে অভিযুক্ত নাজেম মৃধাকে গ্রেপ্তার করা হয়। মির্জাগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুস সালাম বলেন, অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। ঘটনার সুষ্ঠু তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে। তাকে আদালতে পাঠানোর প্রস্তুতি চলছে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ সোমবার ॥ ২৫ মে ২০২৬ ॥ ১১ জ্যৈষ্ঠ ১৪৩৩

মিয়ানমার সীমান্তে স্থলমাইন বিস্ফোরণে ৩ বাংলাদেশি নিহত

কীর্তনখোলা ডেস্ক

মিয়ানমার সীমান্তের নাইক্ষ্যংছড়ি শূন্যরেখায় স্থলমাইন বিস্ফোরণে তিন বাংলাদেশি নিহত হয়েছেন। রোববার (২৪ মে) দুপুরে উপজেলা সীমান্তের ৪২ ও ৪২ নম্বর সীমান্ত পিলার এলাকায় এ ঘটনা ঘটে। নিহতরা হলেন নাইক্ষ্যংছড়ির ৩ এর পাতায় দেখুন

তিন বিষয়ে সমঝোতার কাছাকাছি যুক্তরাষ্ট্র-ইরান, ভিন্নমত কীসে?

কীর্তনখোলা ডেস্ক

পাকিস্তানের মধ্যস্থতায় যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে প্রস্তাবিত সমঝোতা স্মারকে যুদ্ধবিরতি ৬০ দিন বাড়ানোর কথা বলা হয়েছে। এই সময়ের মধ্যে পূর্ণাঙ্গ শান্তি চুক্তি নিয়ে আলোচনা চলবে। শনিবার (২৩ মে) প্রায় একই তথ্য জানিয়েছেন ৩ এর পাতায় দেখুন

লুটেরা এস আলমের প্ররোচনায় ইসলামী ব্যাংকের উপর নগ্ন হস্তক্ষেপের প্রতিবাদে বরিশালে মানববন্ধন করে ইসলামী ব্যাংক গ্রাহক ফোরাম -কীর্তনখোলা

চরফ্যাশনের বকুল হত্যা মামলায় ৩ জনের মৃত্যুদণ্ড

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার চরফ্যাশন উপজেলার মুজিবনগর ইউনিয়নের শিকদারেরচর এলাকায় গৃহবধূ বকুল বেগমকে হত্যার ঘটনায় তিন আসামিকে মৃত্যুদণ্ড, দুজনকে যাবজ্জীবন কারাদণ্ড ও আরও একজনকে কারাদণ্ড দিয়েছেন আদালত। এ সময় আজাদ নামের এক আসামিকে বেকসুর খালাস দেওয়া হয়েছে। ?রোববার (২৪ মে) দুপুরে চরফ্যাশন চৌকি আদালতে এ রায় দেন ভোলার অতিরিক্ত দায়রা জজ আদালতের বিচারক মো. শওকত হোসাইন। ?আদালত ও মামলার এজাহার সূত্রে জানা গেছে, ২০২২ সালের ২৯ নভেম্বর রাতে দুলারহাট থানাধীন মুজিবনগর ইউনিয়নের শিকদারেরচর ৯ নম্বর ওয়ার্ডে বাসার সামনে ঘুমিয়ে থাকা অবস্থায় গৃহবধূ বকুল বেগমকে ধারালো ৩ এর পাতায় দেখুন

আমতলীতে ১৪ বছরের কিশোরী ধর্ষণের অভিযোগে খালু গ্রেফতার

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলীতে বিরুদ্ধে ১৪ বছর বয়সী এক এতিম কিশোরীকে ধর্ষণের অভিযোগ উঠেছে। উপজেলার ২নং কুকুয়া ইউনিয়নের ৩নং ওয়ার্ডের রায়বালা গ্রামে ঘটনাটি ঘটে। আমতলী থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু সাহাদৎ মো. হাসনাইন পারভেজ এ তথ্য নিশ্চিত করেন শনিবার (২৩মে) গভীর রাতে ওই এতিম কিশোরী স্বজনরা আমতলী থানা পুলিশে সংবাদ দিলে পুলিশ অভিযুক্ত আলমগীর মৌলভীকে (৩৭) অভিযান চালিয়ে আটক করে থানায় নিয়ে আসে। অভিযুক্ত আলমগীর মৌলভী (৩৭) উপজেলার কুকুয়া ইউনিয়নের রায়বালা গ্রামের মৃত: নুর হোসেনের ৩ এর পাতায় দেখুন

অনলাইন-অফলাইনে সক্রিয় জাল নোটচক্রের মৌসুমি কারবারিরা

কীর্তনখোলা ডেস্ক

ঈদ ঘিরে অনলাইন-অফলাইনে সক্রিয় হয়ে উঠেছে জাল নোটচক্রের মৌসুমি কারবারিরা। সারা বছর তৈরি করা জাল নোটের প্রায় ৭০ শতাংশই এই দুই ঈদকে কেন্দ্র করে বাজারে ছড়ানো হয়ে থাকে। ইতোমধ্যে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকসহ অনলাইনের বিভিন্ন গ্রুপে পোস্ট দিয়ে তারা জালনোট কেনাবেচা করছেন। বর্তমানে এক লাখ টাকার জাল নোট বিক্রি হচ্ছে ৬ হাজার থেকে ১০ হাজার টাকায়। কোনো কোনো গ্রুপে ১৫ থেকে ১৮ হাজার টাকা দাম চাওয়া হচ্ছে। গত ১৩ মে রাতে মতিঝিলের কমলাপুর বাজার রোডের একটি সাইবার ক্যাফে থেকে জালনোট তৈরির সরঞ্জামসহ দুজনকে ৩ এর পাতায় দেখুন

বরিশাল বিভাগে দ্বিতীয় পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র

কীর্তনখোলা রিপোর্ট

দ্বিতীয় পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের স্থান নির্ধারণের কাজ বেশ জোরেশোরেই এগিয়ে চলেছে। মোট পাঁচটি স্থানের বিষয়ে প্রাক সমীক্ষা চলছে বলে নিশ্চিত করেছেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. আনোয়ার হোসেন। আনোয়ার হোসেন বলেন, মোট পাঁচটি জায়গার বিষয়ে পরিবেশ, প্রতিবেশ, অর্থনৈতিক ও অন্যান্য সমীক্ষা করা হচ্ছে। সবগুলো স্থানই বরিশাল, বরগুনা ও পটুয়াখালী অঞ্চলে। প্রধানমন্ত্রী চান, দ্বিতীয় পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রটি বরিশাল বিভাগের মধ্যেই নির্মিত হোক। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আমরা চাই, জমি রেডি করে রাখতে। রূপপুর বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিট উৎপাদনে গেলে কাজটি শুরু করতে চাই। তখন আমাদের ৩ এর পাতায় দেখুন

ভেজাল ফ্রুট পুডিং কারখানায় অভিযান, মালিকের কারাদণ্ড

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় অবৈধভাবে পরিচালিত একটি ফ্রুট পুডিং ও জেলি তৈরির কারখানায় অভিযান চালিয়েছে প্রশাসন। এ ঘটনায় কারখানার মালিক মোকসেদুল আলমকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। শনিবার রাত নয়টার দিকে এ অভিযান পরিচালনা করা হয়। জানা গেছে, উপজেলার পৌর শহরের চিংড়িয়া এলাকার শেষ প্রান্তে টিয়াখালী ইউনিয়নের মর্তুজা কালভার্টসংলগ্ন এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে অবৈধ ফ্রুট পুডিং ও জেলি কারখানাটির সন্ধান পায় প্রশাসন। কারখানাটিতে ফ্রুট পুডিংসহ প্রায় সাত ধরনের খাদ্যপণ্য অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশে উৎপাদন করা হচ্ছিল। এ ছাড়া প্রতিষ্ঠানটির কোনো বৈধ কাগজপত্র বা লাইসেন্স না থাকায় আইনগত ব্যবস্থা নেওয়া হয়। পরে কারখানার মালিককে কলাপাড়া থানার পুলিশের কাছে হস্তান্তর করা হয়। কলাপাড়া ৩ এর পাতায় দেখুন

কাঁঠালিয়ায় পুকুরে ডুবে শিশুর মৃত্যু

কাঁঠালিয়ায় প্রতিনিধি

ঝালকাঠির কাঁঠালিয়ায় মো. জুবায়ের ইসলাম নামের দুই বছরের এক শিশুর পুকুরের পানিতে ডুবে মৃত্যু হয়েছে। রবিবার (২৪ মে) সকালে উপজেলার সদর ইউনিয়নের আমরিবুনিয়া গ্রামে এ ঘটনা ঘটে। শিশু জুবায়ের ওই গ্রামের প্রবাসী মো. সাইফুল ইসলামের ছেলে। বিষয়টি নিশ্চিত করেছেন থানার ওসি মো. আবু নাছের রায়হান। পরিবার ও স্থানীয় ইউপি সদস্য মো. ফয়সাল আহম্মেদ মিঠু জানায়, সকাল ১০টার দিকে শিশু জুবায়ের পরিবারের সবার অজান্তে বাইরে গেলে এক পর্যায়ে বাড়ির পিছনের পুকুরে পড়ে যায়। তাকে কোথাও না দেখতে পেয়ে অনেক খোঁজাখুঁজির পর পুকুরে ভাসতে দেখা যায়। পরে তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। কাঁঠালিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আবু ৩ এর পাতায় দেখুন

জুতার দোকানের ক্যাশ কাউন্টার থেকে ইয়াবা উদ্ধার, আটক ১

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল পৌর শহরে একটি জুতার দোকানে অভিযান চালিয়ে ক্যাশ কাউন্টার থেকে ১৫ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে পুলিশ। মাদক কারবারে জড়িত থাকার অভিযোগে ওই দোকানের পরিচালক সাগর হাওলাদারকে (২৭) আটক করা হয়েছে। শনিবার (২৩ মে) রাত ১০টার দিকে পৌরসভার ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে আওয়ামী লীগের দুই নেতা কারাগারে

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠিতে বিস্ফোরক দ্রব্য ও ভাঙচুর আইনে দায়ের করা পৃথক দুটি মামলায় জেলা আওয়ামী লীগের নেতা এবং তাঁতী লীগের কেন্দ্রীয় নেতাকে কারাগারে পাঠিয়েছেন আদালত। ঝালকাঠি চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক এস এম কবির হোসেন তাদের জামিন নামঞ্জুর করে এই আদেশ দেন। ঝালকাঠি আদালতের সাধারণ নিবন্ধন কর্মকর্তা (জিআরও) সুমন বিষয়টি নিশ্চিত করেছেন। কারাগারে পাঠানো নেতারা হলেন বাংলাদেশ আওয়ামী কেন্দ্রীয় মোটর শ্রমিক লীগের সহ-সভাপতি ও ঢাকা উত্তর তাঁতী লীগের সাবেক সভাপতি শামীম আহমেদ এবং ঝালকাঠি আওয়ামী লীগের নেতা আরিফুর হক। আদালত সংশ্লিষ্ট সূত্রে ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় ৩৬ ড্রাম চিংড়ি রেনু জব্দ, ৫ জনকে কারাদন্ড

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় অবৈধভাবে শিকার করা ৩৬ ড্রাম গলদা চিংড়ি রেনু পাচারকালে ৫ জনকে দুই মাসের কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালত। এছাড়াও উদ্ধার করা চিংড়ি রেনু অবমুক্ত করা হয়েছে। গতকাল রোববার সকালে ভ্রাম্যমান আদালতের বিচারক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা লিখন বনিক এ আদেশ দেন। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মানিক মল্লিক জানান, ভোলার দৌলতখান থেকে খুলনা যাওয়ার পথে আগৈলঝাড়া উপজেলার রত্নপুর ইউনিয়নের ডিএসবি ছয়গ্রাম সড়কের দত্তেরাবাদ এলাকায় ভোর সাড়ে সাতটায় বরিশাল কোষ্টগার্ড এর পিওমেট আমজাদ হোসেনের নেতৃত্বে অভিযান পরিচালনা করা হয়। এসময় ৩৬টি ড্রামে চিংড়ি রেনু পোনা বোঝাই একটি ট্রাক আটক করা হয়। এ সময় পাচারকারী ভোলা সদরের রমজানপুর গ্রামের সুলতান বেপারীর ছেলে আলামিন বেপারী (২৫), ধনিয়া গ্রামের মোজাম্মেল হকের ছেলে আমির হোসেন (৫০) ৩ এর পাতায় দেখুন

ছয় বছরের শিশুকে যৌন হয়রানি, অভিযুক্তকে গণপিটুনি

গৌরনদী প্রতিনিধি

খাবারের লোভ দেখিয়ে ২য় শ্রেণীর শিক্ষার্থীকে যৌন হয়রানির অভিযোগ উঠেছে এক বখাটের বিরুদ্ধে। এ ঘটনায় স্থানীয়রা তাকে গণপিটুনি দিয়েছে। আহত বখাটে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। রোববার (২৪ মে) বরিশালের গৌরনদী উপজেলার হরহর গ্রামে ঘটনাটি ঘটে। ভুক্তভোগী শিশুর অভিযোগ, খাবারের লোভ দেখিয়ে বাড়ির পাশের এক লোক তার সঙ্গে 'খারাপ' কাজ করার চেষ্টা করলে তাকে (বখাটে) কামড় দিয়ে সে পালিয়ে এসে বিষয়টি তার বাবাকে জানায়। ভুক্তভোগীর বাবা অভিযোগ করেন, তার মেয়ে পাশের বাড়িতে খেলতে গেলে বা প্রাইভেট পড়তে ৩ এর পাতায় দেখুন

ভয়াবহ অগ্নিকাণ্ডে পুড়লো সাত দোকান, ব্যবসায়ীদের আহাজারি

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলার বোরহানউদ্দিন উপজেলায় একটি বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৭টি ব্যবসা প্রতিষ্ঠান পুড়ে গেছে। শনিবার (২৩ মে) ভোররাতে উপজেলার বড় মানিকা ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের গফুরগঞ্জ বাজারে এ দুর্ঘটনা ঘটে। এতে প্রায় কোটি টাকার মালামাল ও নগদ অর্থ পুড়ে গেছে বলে দাবি করছেন ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা। বহু বছরের কষ্টার্জিত পুঁজি হারিয়ে এখন নিঃস্ব তারা। স্থানীয় সূত্রে জানা যায়, শনিবার গভীর রাতে হঠাৎ গফুরগঞ্জ বাজারের একটি দোকানে আগুনের সূত্রপাত হয়। মুহূর্তের মধ্যে আগুনের লেলিহান শিখা চারপাশের দোকানে ছড়িয়ে পড়লে পুরো বাজার এলাকায় আতঙ্ক ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্ত ছেলের আগুনে পুড়ে ছাই বসতঘর

উজিরপুর প্রতিনিধি

বাবার মৃত্যুর পর চরম অনিশ্চয়তায় পড়া পরিবারটিকে টেনে তোলার কথা ছিল তার। কিন্তু মাদকের মরণনেশা তাকে বানিয়ে দিল পরিবারের ধ্বংসের কারণ। বরিশালের উজিরপুর উপজেলায় মাদকের টাকার দাবিতে মায়ের ওপর অভিমান করে নিজের বসতঘরে আগুন ধরিয়ে দিয়েছে তামিম হাওলাদার নামে এক মাদকাসক্ত তরুণ। আগুনে বসতঘরসহ ভেতরের সব মালামাল পুড়ে ছাই হয়ে গেছে। এতে নিঃস্ব হয়ে পড়েছে অসহায় পরিবারটি, যার ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ২০ লাখ টাকা। রোববার (২৪ মে) সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার প্রত্যন্ত দক্ষিণ সাতলা গ্রামে এই চাঞ্চল্যকর ও হৃদয়বিদারক ঘটনা ঘটে। অভিযুক্ত তামিম ওই গ্রামের মৃত আব্দুল জলিল হাওলাদারের ছোট ছেলে। ক্ষতিগ্রস্ত পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, প্রায় এক বছর আগে পরিবারের একমাত্র উপার্জনক্ষম অভিভাবক আব্দুল জলিল হাওলাদার মারা যান। বাবার মৃত্যুর পর বড় ভাই নাঈম হাওলাদার জীবিকার তাগিদে প্রবাসে পাড়ি জমান। দুই বোনের বিয়ে হয়ে যাওয়ায় তারা শ্বশুরবাড়িতে ৩ এর পাতায় দেখুন

বরিশালে ধর্ষণ দাবিতে ছড়ানো ভিডিও কুমিল্লার ভিন্ন ঘটনার

কীর্তনখোলা রিপোর্ট

সম্প্রতি ফেসবুকে একটি ভিডিও ছড়িয়ে দাবি করা হয়েছে, বরিশাল থানায় বাবার সামনে এক মেয়ে ধর্ষণের বর্ণনা দিচ্ছেন। পোস্টের ক্যাপশনে লেখা হয়েছে, 'এভাবেই বরিশাল থানায় বাবার সামনে ধর্ষণের বর্ণনা দিচ্ছিলেন মেয়ে। প্রকাশ্য বাবার সামনে মেয়েকে ধর্ষণ করে দুর্বৃত্তরা।' স্ট্রিমের যাচাইয়ে দেখা গেছে, ভিডিওটি বরিশালের নয়। এর সঙ্গে ধর্ষণের অভিযোগেরও সম্পর্ক পাওয়া যায়নি। প্রকৃতপক্ষে, এটি কুমিল্লায় কিস্তির টাকা নিয়ে বিরোধের জেরে এক দম্পতিকে মারধর ও লাঞ্ছনার অভিযোগ-সংক্রান্ত ভিডিও। ভিডিওটি পর্যবেক্ষণ করলে দেখা যায়, এক নারী কান্নাজড়িত কণ্ঠে তাঁর সঙ্গে ঘটে যাওয়া ঘটনার বর্ণনা দিচ্ছেন। তবে ভিডিওতে বরিশাল, থানা, ধর্ষণের অভিযোগ বা বাবার সামনে ধর্ষণের বর্ণনার দাবির পক্ষে কোনো দৃশ্যমান তথ্য পাওয়া যায় না। ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে গ্রাম আদালত বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি কর্মশালা -কীর্তনখোলা

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com